# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 21, 1430 Bangla, February 04, 2024, Sunday, No. 35, 54th year

# H I G H L I G H T S

The European Union in a meeting with Foreign Minister Dr. Hasan Mahmud expresses willingness to strengthen its partnership with BD in coming days. (VOA : 08)

Law Minister Anisul Haque says, there is a risk of terrorist attack on the important facilities of the country. Adds, as long as there are militant organizations in the country, BNP-Jamaat will support them. So we have to be careful. (R. Today: 12)

Awami League Joint General Secretary AFM Bahauddin Nasim has alleged that BNP's black flag march is increasing the activities of terrorism and anarchy. (R. Tehran: 08)

Advisor to BNP Chairperson Zainal Abedin Faruque says BNP is soon going to announce strong programs to topple the government. (Jago FM : 16)

4 lakh farmers of Haor are worried as the proposed dam to protect Boro paddy in Hoar from early floods in Sunamganj has not been completed till now. (R. Tehran : 09)

Stress is increasing due to high inflation in country. The price of goods is going out of people's purchasing power day by day. Inflation is now moving to such a level that the middle class is turning into the lower class & the lower class is in dire stage. (DW : 09)

3 more devotees died at the Ijtema venue in Tongi, Gazipur, taking the death toll to 10 till now. (Jago FM : 15)

Anti-India campaign called 'India Out' is being observed in social media of BD. There are various kinds of campaigns going on to 'boycott' the neighboring country including their products. (BBC: 03)

India's Ministry of Culture has claimed that 'Tangail saree' originated in West Bengal, sparking outrage from netizens as traditional tant saree is widely considered to have originated from BD's Tangail district. (BBC: 05)

3 UN agencies named UNDP, UNFPA and UNOPS are reiterating their commitment to strengthen support for the most vulnerable and at-risk populations in BD. (VOA : 07)

US have conducted a wave of air strikes on Iran-aligned targets in Iraq & Syria in retaliation for an attack that killed American soldiers in Jordan. Iraq & Syria says 34 people killed in new US aggression. (BBC: 17)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ২১, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ০৪, ২০২৪, রবিবার, নং- ৩৫, ৫৪তম বছর**

# শিরোনাম

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে এক বৈঠকে  বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব আরো জোরদার করার আগ্রহ প্রকাশ করেছে ইউরোপীয় ইউনিয়ন। (ভোয়াঃ  ০৮)

দেশের গুরুত্বপূর্ণ স্থাপনায় সন্ত্রাসী হামলার ঝুঁকি রয়েছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেছেন যতদিন পর্যন্ত জঙ্গি সংগঠনগুলো আছে বিএনপি-জামায়াত তাদেরকে মদদ দিয়ে যাচ্ছে। ততদিন পর্যন্ত আমাদেরকে সাবধান থাকতে হবে। (রে. টুডেঃ  ১২)

বিএনপির কালো পতাকা মিছিল নতুন করে সন্ত্রাস ও নৈরাজ্যের তৎপরতা বাড়িয়ে দিচ্ছে বলে অভিযোগ করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম। (রে. তেহরানঃ ০৮)

বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবদিন ফারুক বলেন, `সরকার পতনের কর্মসূচি আসবে, সবকিছুর হিসাব নেওয়া হবে। (জাগো  এফএমঃ  ১৬)

সুনামগঞ্জে আগাম বন্যা থেকে হাওরের বোরো ধান রক্ষায় প্রস্তাবিত বাঁধ একমাস পেরিয়ে গেলেও পুরোপুরি শেষ না হওয়ায় চিন্তিত হাওরের ৪ লাখ কৃষক। (রে.  তেহরানঃ ০৯)

দেশে উচ্চ মূল্যস্ফীতির কারণে মানসিক চাপ বাড়ছে। দ্রব্যমূল্য দিন দিন মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। মূল্যস্ফীতি এখন এমন পর্যায়ে চলে যাচ্ছে মধ্যবিত্ত নিম্নবিত্তে পরিণত হচ্ছে। আর নিম্নবিত্ত মহাসংকটে পড়ছে। (ডয়চে ভেলে : ০৯)

টঙ্গীতে বিশ্ব ইজতেমায় আরো তিন মুসল্লির মৃত্যু হয়েছে। এ নিয়ে এখন পর্যন্ত ইজতেমায় ১০ জনের মৃত্যু হলো। (জাগো এফএম: ১৫)

বাংলাদেশের সামাজিক যোগাযোগ মাধ্যমে সাম্প্রতিক `ইন্ডিয়া আউট, নামে ভারত বিরোধী প্রচারণা লক্ষ্য করা যাচ্ছে। সেখানে প্রতিবেশী দেশ ভারতের পণ্যসহ দেশটিকে 'বয়কট' নিয়ে করা নিয়ে বিভিন্ন ধরণের ক্যাম্পেইন চলছে। (বিবিসি : ০৩)

সম্প্রতি ভারত সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ফেসবুক পেইজে একটি পোস্টে 'টাঙ্গাইল শাড়ি'কে পশ্চিমবঙ্গের ঐতিহ্য উল্লেখ করা হয়। বিষয়টিতে ঐ পোস্টের নিচে অনেক বাংলাদেশি ব্যবহারকারীকে প্রতিবাদ জানাতে দেখা যায়। তাদের বক্তব্য টাঙ্গাইল বাংলাদেশের একটি জেলার নাম এবং শাড়িটির উৎপত্তি এই জেলায়। (বিবিসি : ০৫)

সবচেয়ে দুর্বল এবং ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সহায়তা জোরদার করার বিষেয়ে প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করছে ইউএনডিপি, ইউএনএফপিএ ও জাতিসংঘ প্রকল্প পরিষেবা অফিস। (ভোয়া : ০৭)

মার্কিন যুক্তরাষ্ট্র জর্ডানে মার্কিন সৈন্যদের হত্যার একটি হামলার প্রতিশোধ হিসেবে ইরাক ও সিরিয়ায় ইরান-যুক্ত লক্ষ্যবস্তুতে বিমান হামলা চালিয়েছে। ইরাক ও সিরিয়া বলছে নতুন মার্কিন আগ্রাসনে ৩৪ জন নিহত হয়েছে। (বিবিসি : ১৭)

# বিবিসি

## 'ভারতীয় পণ্য বয়কট' ও 'ইন্ডিয়া আউট' প্রচারণা বাংলাদেশে দানা বাঁধছে যে কারণে

বাংলাদেশের সামাজিক যোগাযোগ মাধ্যমে সাম্প্রতিক `ইন্ডিয়া আউট, নামে ভারত বিরোধী এক ধরনের প্রচারণা লক্ষ্য করা যাচ্ছে। সেখানে প্রতিবেশী দেশ ভারতের পণ্যসহ দেশটিকে 'বয়কট' নিয়ে করা নিয়ে বিভিন্ন ধরনের ক্যাম্পেইন চলছে। গত সপ্তাহ দু,য়েক যাবত এ প্রচারণা লক্ষ্য করা যাচ্ছে ফেসবুক, এক্স ও ইউটিউবে। যারা এসব প্রচারণা চালাচ্ছেন, তাদের বেশিরভাগই আওয়ামী লীগ কিংবা সরকার-বিরোধী হিসেবে পরিচিত। এরসাথে ছোটখাটো কয়েকটি রাজনৈতিক দলও রয়েছে। সম্প্রতি ইউটিউবে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যাচ্ছে, ঢাকার অলি-গলিতে এক তরুণ হ্যান্ডমাইক হাতে ভারতের পণ্য বর্জনের প্রচারণা চালাচ্ছেন। সে যুবক গণঅধিকার পরিষদ নামে একটি রাজনৈতিক দলের সাথে সম্পৃক্ত বলে জানা যাচ্ছে। বাংলাদেশে সামাজিক যোগাযোগ মাধ্যমের এসব প্রচারণা ভারতেও অনেকের মনোযোগ আকর্ষণ করেছে। বাংলাদেশের এসব প্রচারণার বিরুদ্ধে ভারতের অনেকে ইউটিউবে পাল্টা জবাব দিচ্ছেন। বিষয়টি নিয়ে সম্প্রতি ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের কাছেও প্রশ্ন রাখা হয়েছিল। সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিচিত অনলাইন অ্যাক্টিভিস্ট একেএম ওয়াহিদুজ্জামান। তিনি বাংলাদেশের নাগরিক হলেও দেশের বাইরে বসবাস করেন। শুক্রবার তিনি তার ভেরিফাইড এক্স (সাবেক টুইটার) একাউন্টে গ্লোবাল টাইমস পত্রিকার একটি নিউজ শেয়ার করেছেন। সেখানে তিনি ওই নিউজের উদ্বৃত্তি দিয়ে `ইন্ডিয়াআউট, এবং `বয়কটইন্ডিয়ানপ্রোডাক্টস, দুটি হ্যাশট্যাগ ব্যবহার করেছেন। যে নিউজে বলা হচ্ছে, বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে 'ভারতের হস্তক্ষেপের' কারণেই এই প্রচারণা।

সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে গত কয়েকদিনে হ্যাশট্যাগ `ইন্ডিয়াআউট,, `বয়কটইন্ডিয়ানপ্রোডাক্টস,সহ ভারত বিরোধী নানা ধরনের প্রচারণা ও হ্যাশট্যাগ ব্যবহার করতে দেখা যাচ্ছে। এতে বাংলাদেশে এবং দেশের বাইরে অবস্থানরত বাংলাদেশিদের অনেককেই এই ধরনের প্রচারণায় অংশ নিচ্ছেন। সেই সাথে গণঅধিকার পরিষদ ও এবি পার্টির মতো কয়েকটি ক্ষুদ্র দলের নেতা-কর্মীরা সম্পৃক্ত হয়েছেন। এসব দল গত ৭ই জানুয়ারি অনুষ্ঠিত নির্বাচনের পর থেকে নানাভাবে ভারত-বিরোধী বক্তব্য দিচ্ছে। এমন অবস্থায় স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠছে প্রতিবেশী রাষ্ট্র ভারত বিদ্বেষী মনোভাবের কারণে দুই দেশের সম্পর্কে কী ধরনের প্রভাব পড়তে পারে। এ নিয়ে বাংলাদেশ ও ভারত সরকারের প্রভাবশালী দুই মন্ত্রী কথাও বলেছেন সাম্প্রতিক। গতকাল শুক্রবার ধানমন্ডি আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে প্রেস ব্রিফিংয়ে এক সাংবাদিক আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন মন্ত্রী ওবায়দুল কাদেরের কাছে জানতে চেয়েছিলেন, বাংলাদেশের জনগণ 'ভারত বিদ্বেষী' হয়ে উঠছে, সেক্ষেত্রে দুই দেশের সম্পর্কে কোনো প্রভাব পড়বে কী-না? এর জবাবে ওবায়দুল কাদের সাংবাদিকদের বলেন, "ভারতের সাথে বাংলাদেশের সম্পর্কের কোনো টানাপড়েন নেই।„ তবে এর চেয়ে আর বেশি কিছু বলতে চাননি তিনি। গত মঙ্গলবার ইন্ডিয়ান ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট আয়োজিত এক প্রশ্নোত্তর যোগ দিয়েছিলেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। সেখানে তাকে বিভিন্ন ধরনের প্রশ্ন করা হয়। সেখানেও বাংলাদেশে ভারত বিরোধীতার বিষয়টি জানতে চাওয়া হয়। সেখানে নৌবাহিনীর একজন কর্মকর্তা ভারতের পররাষ্ট্রমন্ত্রীকে প্রশ্ন করেন, মালদ্বীপের পর ভারতেও এক ধরনের `ইন্ডিয়া আউট, ক্যাম্পেইন চলছে। এর প্রভাব কী হতে পারে?

মি. জয়শঙ্কর বিষয়টিকে খুব একটা গুরুত্ব দিয়েছেন বলে মনে হয়নি। তিনি বলেন, "গণমাধ্যমে যা দেখবেন তার সবটুকু বিশ্বাস করবেন না।" এ অনুষ্ঠানে ভারতের পররাষ্ট্রমন্ত্রী অন্যান্য প্রতিবেশি দেশ - চীন, মালদ্বীপ, শ্রীলঙ্কা নিয়েও কথা বলেন। বিভিন্ন প্রতিবেশীর সাথে ভারতের বর্তমান যে সম্পর্ক সেটি ভারতের পররাষ্ট্রনীতির ব্যর্থতা কি না সেটি নিয়েও প্রশ্ন করা হয়। এর কৌশলী জবাব দেন মি. জয়শংকর। তিনি বলেন, `বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো ভারতীয়দের বাংলাদেশের মধ্য দিয়ে যেতে এবং বাংলাদেশি বন্দর ব্যবহার করার অনুমতি দিয়েছে । যা ভারতের উত্তর-পূর্বের রাজ্যগুলিতে বড় ধরনের প্রভাব ফেলেছে,। তিনি বলছিলেন, আগে উত্তর-পূর্বের মানুষদের শিলিগুড়ি করিডোর দিয়ে নেমে পশ্চিমবঙ্গের মধ্য দিয়ে উত্তর-পূর্বের রাজ্যগুলোতে যেতে হতো। এখন তারা চট্টগ্রাম এবং মংলা বন্দর ব্যবহার করতে পারে। এটি সমগ্র পূর্ব ভারতীয় অর্থনীতি বদলে দিবে। বাংলাদেশের জাতীয় নির্বাচনের কয়েক মাস আগে দক্ষিণ এশিয়ার দেশ মালদ্বীপের নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে ভারত বিরোধী অবস্থান নিয়ে মালদ্বীপের প্রেসিডেন্ট নির্বাচিত হন চীনপন্থি নেতা মোহাম্মদ মুইজু। মুইজু ক্ষমতায় বসার পর তিনি প্রথম ইন্ডিয়া আউট প্রচারাভিযান শুরু করেন। এরপরই তিনি ভারতকে তার সামরিক বাহিনী প্রত্যাহারের চাপও দেয়। তখন ভারতের সাথে মালদ্বীপের সম্পর্কে ফাটল ধরে। গত সাতই জানুয়ারি বাংলাদেশের দ্বাদশ জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। ঐ নির্বাচন বয়কটের ডাক দেয় বিরোধী রাজনৈতিক জোট বিএনপি। ফলে অনেকটা একতরফা নির্বাচনে জয় নিয়ে টানা চতুর্থবারের মতো ক্ষমতায় বসে আওয়ামী লীগ। এ নির্বাচনে ভোটার উপস্থিতি নিয়েও ছিলো নানা প্রশ্ন। বাংলাদেশের বিরোধী রাজনৈতিক পক্ষের একটা অংশ মনে করছে, আওয়ামী লীগ সরকারের ওপর নয়াদিল্লীর কুটনৈতিক সমর্থনের কারণেই বাংলাদেশে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিয়ে নানা প্রশ্ন উঠছে। যে কারণে এবার নির্বাচন বয়কট করে এই

সামাজিক আন্দোলনে তরুণদের একটা অংশ। এই নির্বাচনের পরপর দেশ ও দেশের বাইরে থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে এক ধরণের প্রচারণা শুরু হয়। হ্যাশট্যাগ `ইন্ডিয়াআউট, এই প্রচারণায় তখন সোশ্যাল মিডিয়ায় অনেকেই যোগ দেন।

হ্যাশট্যাগের এই প্রচারণাটি ফেসবুক, এক্স(টুইটার), ইন্সটাগ্রামেও এখন শীর্ষে দেখা যাচ্ছে। যেখানে বেশিরভাগ পোস্টদাতাই বলছেন, বাংলাদেশের জাতীয় নির্বাচনে অযাচিতভাবে হস্তক্ষেপ করেছে। যে কারণে এই ধরণের প্রচারাভিযানের মাধ্যমে তারা ভারতীয় পণ্য বয়কটেরও ডাক দিচ্ছেন। এরপরই নিয়ে আলোচনা হচ্ছে বাংলাদেশ-ভারতের রাজনীতি ও কুটনৈতিক অঙ্গনে। দুটি দেশের দায়িত্বশীল সূত্রই এই `ইন্ডিয়াআউট, নিয়ে কথা বলছেন। তবে, দু দেশের কুটনৈতিক সম্পর্কে এর প্রভাব কতখানি তা নিয়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রী সরাসরি কিছু বলেননি। তবে বাংলাদেশের ক্ষমতাসীন দলের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহনমন্ত্রী দাবি করেছেন, এ নিয়ে দু দেশের সম্পর্কে তেমন কোন টানাপড়েন তৈরি হবে না। বাংলাদেশে ভারত বিরোধী প্রচারণা নিয়ে পাল্টা জবাব দিতে দেখা যাচ্ছে ভারতেও। এ নিয়ে ভারতের অনেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা ধরণর কনটেন্ট তৈরি করছে। তাদের কেউ কেউ ভারতে সুপরিচিত মুখ। এসব কন্টেন্ট-এর মাধ্যমে অভিযোগ করা হচ্ছে, বাংলাদেশে ভারত-বিরোধী প্রচারণা 'উস্কে দিচ্ছে' বিএনপি। ভারতীয় গণমাধ্যম ফার্স্টপোস্টের একটি ইউটিউব পেইজে সাংবাদিক পালকি শর্মাকে বাংলাদেশের এই `ইন্ডিয়া আউট, ক্যাম্পেইন নিয়ে একটি বিশ্লেষণ করতে দেখা গেছে। সেখানে বলা হচ্ছে, বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানই এই আন্দোলনের নেতৃত্ব দিচ্ছেন পেছন থেকে।

যদিও 'ভারতীয় পণ্য বয়কট' কিংবা 'ইন্ডিয়া আউট' প্রচারণা নিয়ে বিএনপি দল হিসেবে কিছু বলেনি বা প্রচারণায়ও অংশ নেয়নি। বিষয়টি নিয়ে বিবিসি বাংলার তরফ থেকে জানতে চাওয়া হয় বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়ের কাছে। কিছুদিন আগে মি. রায় মন্তব্য করেছিলেন যে এই সরকার ভারত, রাশিয়া ও চীনের সরকার। `আমরা রাজনৈতিকভাবে এমন কোন সিদ্ধান্ত এখনো নেই নাই। যারা সামাজিক যোগাযোগ মাধ্যমে এমন আন্দোলনের ডাক দিয়েছে সেটা তাদের অধিকার। দলের পক্ষ থেকে এমন কোন সিদ্ধান্ত নেয়া হয়নি," বিবিসি বাংলাকে বলছিলেন মি. রায়। প্রতিবেশী দেশ ভারতের সাথে বাংলাদেশের সীমানার দৈর্ঘ্য চার হাজার ৯৬ কিলোমিটার। দুই দেশের এই সীমান্তে নানা হত্যাকাণ্ডের ঘটনা ঘটছে গত অর্ধশতক ধরেই। এসব হত্যাকাণ্ডে নিয়ে দুই দেশের মধ্যে টানাপড়েন দেখা গেছে বিভিন্ন সময়। বাংলাদেশে ভারত বিদ্বেষী মনোভাবের অন্যতম কারণ একটা এই সীমান্তের হত্যাকাণ্ড। জাতীয় নির্বাচনের দুই সপ্তাহ পর গত ২২ জানুয়ারি যশোরের বেনাপোল সীমান্তে ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ এর গুলিতে মারা যান বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) একজন সদস্য। হত্যাকাণ্ডের তিনদিন পর তার লাশ ফেরত পায় বাংলাদেশ। ঐ ঘটনার পর হঠাৎই ভারত বিরোধিতার বিষয়টি আরও বেশি লক্ষ্য করা যায়।

কুটনৈতিক বিশ্লেষক ও সাবেক রাষ্ট্রদূত নাসিম ফেরদৌস বিবিসি বাংলাকে বলেন, `বাংলাদেশে ভারত-বিরোধী মনোভাব দেশের মানুষের মধ্যে সব সময় ছিলো। ১৫ বছর ধরে বর্ডারে মৃত্যু ঘটে যাচ্ছে। সুতারং ভারতকে আরও সহনশীল হতে হবে। মৃত্যু যাতে একেবারেই না ঘটে,। গত ১৫ বছরে টানা রাষ্ট্র ক্ষমতায় আওয়ামী লীগ। এই সময়ে ভারতের বিজেপি ও কংগ্রেস দুটি সরকারই রাষ্ট্র পরিচালনা করেছে। শেখ হাসিনা রাষ্ট্র ক্ষমতায় থাকাকালীন দুই দেশের কুটনৈতিক সম্পর্ক অতীতের যে কোন সময়ের চেয়ে আরও বেশি শক্তিশালী হয়েছে। কিন্তু প্রশ্ন আসছে দেশের বড় একটা অংশের মধ্যে কেন ভারত বিদ্বেষী মনোভাব দিনে দিনে বাড়ছে। গত সপ্তাহে রাজধানী ঢাকায় এক কর্মসূচিতে বিএনপি নেতা ড. আব্দুল মঈন খান বাংলাদেশের মানুষের মধ্যে ভারত বিদ্বেষ কেন বাড়ছে তা খুঁজে দেখতে ভারতের নীতি নির্ধারকদের প্রতি আহবানও জানান। মি. খান প্রশ্ন রাখেন `আজকে আমাদের বন্ধু রাষ্ট্রকে এমন একটা পারম্পারিক অবিশ্বাসের দোলাচলে কেন এই সরকার নিয়ে যাচ্ছে,। সাম্প্রতিক ক্রিকেট ইস্যু কিংবা পিয়াজ রপ্তানিসহ নানা ইস্যুতে বাংলাদেশের সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে এ নিয়ে নানা মন্তব্য দেখা গেছে। তবে হ্যাশট্যাগের মাধ্যমে `ইন্ডিয়াআউট, প্রচারণা এবারই বেশ গভীরভাবে লক্ষ্য করা যাচ্ছে।

এছাড়াও তিস্তা চুক্তি না হওয়া এদেশের মানুষের মধ্যে এক ধরনের ক্ষোভ ও হতাশা দেখা গেছে অতীতেও। বিভিন্ন গণমাধ্যমের খবরে দেখা যাচ্ছে প্রতি বছর বাংলাদেশে কমপক্ষে ১৪০০ কোটি ডলারের পণ্য রফতানি করে ভারত। দুই দেশের বিভিন্ন বন্দর দিয়ে এসব পণ্য সামগ্রী আসে দেশের বাজারে। সম্প্রতি `ইন্ডিয়াআউট, ও `বয়কটইন্ডিয়ানপ্রোডাক্ট, হ্যাশট্যাগের মাধ্যমে ভারতীয় পণ্য বর্জনের ডাক দেয়ার যে বক্তব্যগুলো পাওয়া যাচ্ছে সোশ্যাল মিডিয়া তা কি প্রভাব হতে পারে সেটি এখনো স্পষ্ট নয়। তবে এই ইস্যু নিয়ে দুটি দেশের দায়িত্বশীল সূত্রগুলো কথাও বলেছে। বাংলাদেশের সড়ক পরিবহনমন্ত্রী ওবায়দুল কাদের মঙ্গলবার সাংবাদিকদের স্পষ্ট করেই বলেছেন, ভারত বিরোধী এই অবস্থানের কারণে ভারতের সাথে কোন টানাপড়েন হবে বলে তারা মনে করেন না। আর অর্থনৈতিক প্রভাব নিয়ে ভারতের যে বক্তব্য পাওয়া যাচ্ছে সেখানে দেশটির পররাষ্ট্রমন্ত্রী বলছেন, `বিশ্ব রাজনীতিতে প্রতিযোগিতা রয়েছে। চীনও একটি প্রতিবেশী দেশ। বিভিন্নভাবে প্রতিযোগিতামূলক রাজনীতির অংশ হিসেবে তারা দেশগুলোকে প্রভাবিত করবে,। তবে

কুটনৈতিক বিশ্লেষকরা মনে করেন, গত ৫০ বছরে ভারতের বিরুদ্ধে বাংলাদেশের সাধারণ মানুষের একটা নেতিবাচক অবস্থান ছিলো নানা কারণে। তবে তা খুব বেশি প্রভাব রাখেনি দুই দেশের কুটনৈতিক ও অর্থনৈতিক সম্পর্কে।

সাবেক রাষ্ট্রদূত কুটনৈতিক বিশ্লেষক নালিম ফেরদৌস বিবিসি বাংলাকে বলেন, `মানুষের মনে যদি সন্দেহ জাগে, একটা প্রচারণার কারণে একটা পক্ষ সরব থাকে তাহলে কিছুটা ইমপ্যাক্ট পড়তে পারে। তবে সেটি খুব বেশি না। `আসলে আমরা ভারত থেকে ইমপোর্ট করি নিত্য প্রয়োজনীয় জিনিস। এগুলো বর্জন করলেই কী, বর্জন না করলেই কী। এতে খুব একটা প্রভাব পড়ার সম্ভাবনা কম, বলছিলেন নাসিম ফেরদৌস। বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বিবিসি বাংলাকে বলেন, যারা এই আন্দোলনের ডাক দিয়েছে তারা তাদের দৃষ্টিভঙ্গি থেকে দিয়েছে। তারা দেশের নাগরিক হিসেবে মতামত দিতেই পারে। তবে, এতে প্রভাব কি পড়বে না পড়বে তা জানি না,। কূটনৈতিক বিশ্লেষকদের মতে, সোশ্যাল মিডিয়ায় বয়কট আন্দোলন কূটনীতিতে খুব একটা প্রভাব রাখতে পারছে না। তবে নাসিম ফেরদৌস বলেন, `আপতত দুই দেশের রাজনীতিতে সোশ্যাল মিডিয়ার এই আন্দোলন প্রভাব রাখার সম্ভাবনা কম। তবে, সামনেই ভারতের জাতীয় নির্বাচন। এই বয়টক আন্দোলন অনলাইন মাধ্যম ছাপিয়ে যদি রাস্তায় বড় আন্দোলনে রূপ নেয় তার একটা প্রভাব তৈরি হতে পারে,। (বিবিসি ওয়েব পেজ : ৩.২.২৪ রিহাব)

## 'টাঙ্গাইল শাড়ির' উৎপত্তি ভারতে দাবি করায় বাংলাদেশে বিস্ময় ও বিতর্ক

'টাঙ্গাইল শাড়ি' বাংলাদেশে বহুল পরিচিত একটি বিষয়। ঢাকার কাছে টাঙ্গাইল জেলার সাথে এর নাম জড়িয়ে আছে। কিন্তু সম্প্রতি ভারত দাবি করেছে 'টাঙ্গাইল শাড়ি' তাদের পণ্য। বিষয়টিতে বাংলাদেশে অনেক বিস্ময় প্রকাশ করেছেন। বৃহস্পতিবার দুপুরে ভারত সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ফেসবুক পেইজে একটি পোস্টে টাঙ্গাইল শাড়িকে পশ্চিমবঙ্গের ঐতিহ্য উল্লেখ করা হয়। বলা হয়, এটি এই অঞ্চলের সমৃদ্ধ সাংস্কৃতিক উত্তরাধিকারের বহিঃপ্রকাশ। ওই পোস্টের নিচে অনেক বাংলাদেশি ব্যবহারকারীকে প্রতিবাদ জানাতে দেখা যায়। তাদের বক্তব্য টাঙ্গাইল বাংলাদেশের একটি জেলার নাম এবং ওই শাড়িটির উৎপত্তি এই জেলায়। কিন্তু এই বিতর্কের প্রেক্ষাপট রচিত হয়েছে আরো এক মাস আগে। চলতি বছরের জানুয়ারির দুই তারিখে টাঙ্গাইল শাড়িকে পশ্চিমবঙ্গের ভৌগোলিক নির্দেশকপণ্য হিসেবে স্বীকৃতি দেয়া হয়। ভারতের শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন পেটেন্ট, ডিজাইন অ্যান্ড ট্রেড মার্কস বিভাগের পক্ষ থেকে এই সিদ্ধান্ত জানানো হয়। সুন্দরবনের মধুও এই রাজ্যটির নিজস্ব পণ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে। জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন রেজিস্ট্রি,র তথ্য বলছে, পশ্চিমবঙ্গ সরকারের হস্তশিল্প বিভাগ এর জন্য আবেদন করেছিলো ২০২০ সালের সেপ্টেম্বরে।

টাঙ্গাইল শাড়িকে ধরা হয় নদীয়া ও পূর্ববর্ধমানের পণ্য হিসেবে। একইসাথে মুর্শিদাবাদের গরদ ও করিয়াল নামে আরো দুটি শাড়িও যুক্ত হয় জিআই নিবন্ধিত তালিকায়। পাঁচই জানুয়ারি রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এসব শিল্পের সঙ্গে সংশ্লিষ্টদের অভিনন্দন জানিয়ে বার্তা দেন। বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট কর্মকর্তারা অবশ্য জিআই,র তালিকায় টাঙ্গাইল শাড়ির উপস্থিতির কথা শুনে বিস্ময় প্রকাশ করেছেন। বিভিন্ন গবেষণা এবং এই শিল্পের আদি ধারার সাথে সম্পৃক্তদের বয়ানে এই শাড়ির উৎপত্তিস্থল হিসেবে সুনির্দিষ্টভাবে উঠে আসছে পাথরাইল, নলশোধা, ঘারিন্দাসহ টাঙ্গাইলের এমন বাইশ-তেইশটি গ্রামের নাম। "একসাথে বাইশগ্রাম বলে চিহ্নিত করা হতো। এসব গ্রামেই ঠিকানা ছিলো তাঁতীদের। যাদের পদবি ছিল `বসাক,।„ বলছিলেন হরিপদ বসাক, যিনি ওই তাঁতীদের বংশধর। জন্ম ও বেড়ে ওঠা `পূর্ব বাংলায়, হলেও বর্তমানে বসবাস করছেন পশ্চিম বঙ্গের নদীয়ায়। উনবিংশ শতাব্দীর শেষভাগের ব্রিটিশ ভারতে টাঙ্গাইল ছিল ময়মনসিংহ জেলার এক মহকুমা। মি. হরিপদ বসাক বিবিসি বাংলাকে জানান, "১৮৫০ সাল বা তার কাছাকাছি সময়ে তৎকালীন ধামরাই এবং চৌহট্ট নামে দুটি গ্রামে মসলিনের উত্তরসূরী কিছু তাঁতি বসবাস করতেন। সন্তোষ, করটিয়া, দেলদুয়ারে জমিদারি পত্তনের সময় অন্যান্য পেশাজীবীদের পাশাপাশি ওই তাঁতিদেরও সেসব জায়গায় নিয়ে বসতি স্থাপন করা হয়।„ এসব গ্রামের মানুষেরা যে শাড়ি বয়ন করতেন তাই `টাঙ্গাইল শাড়ি, নামে পরিচিতি লাভ করে।

২০১৪ সালে টাঙ্গাইল জেলার তাঁতীদের নিয়ে একটি গবেষণা করেন মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তিন গবেষক সুব্রত ব্যানার্জি, মো. মনিরুজ্জামান মুজিব ও সুমনা শারমিন। গবেষণায় দেখা যায়, পাকিস্তান পর্বে তো বটেই বাংলাদেশের স্বাধীনতার পরেও বসাক সম্প্রদায়ের পরিবারের সংখ্যা ক্রমশ হ্রাস পেতে। নলশোধা গ্রামের উদাহরণ টেনে উল্লেখ করা হয়, স্বাধীনতার পর পুরো গ্রামেই বাড়িতে বাড়িতে তাঁত থাকলেও ২০১৪ সালে সরেজমিনে তারা দেখতে পান মাত্র ২২ টি পরিবার এই পেশায় যুক্ত আছে। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে তাঁতশিল্প নিয়ে গবেষণা করেন নিলয় কুমার বসাক। তিনিও ওই তন্তুবায় সম্প্রদায়ের উত্তর প্রজন্ম। মি. নিলয় বিবিসি বাংলাকে বলেন, "১৯৪৭ সালের দেশভাগের পর বসাক সম্প্রদায়ের বড় অংশই ভারতে চলে যান। তাদের ভিড়টা বেশি হয় নদীয়া জেলার ফুলিয়া গ্রাম এবং পূর্ব বর্ধমানের ধাত্রী গ্রাম ও সমুদ্রগড়ে।„ তাদের বদৌলতে নদীয়া ও পূর্ব-বর্ধমানে `টাঙ্গাইল শাড়ি, পরিচিতি লাভ করে, যোগ করেন তিনি। হরিপদ বসাকও প্রায় একই রকম তথ্য দিলেন। সঙ্গে যুক্ত করলেন, "এই বিদ্যেটা জানা ছিলো বলে আমাদের উদ্বাস্তু জীবনের বোঝা বইতে হয়নি।„

২০১১ সালেও একবার টাঙ্গাইল শাড়ির জন্য জি আই আবেদন করা হয়েছিল বলে জানান মি. বসাক। বলেন, "সেই আবেদনটি বাতিল হয়ে গিয়েছিল।„ তারপরও চেষ্টা চালিয়ে গেছে পশ্চিমবঙ্গ সরকারের সংশ্লিষ্ট বিভাগ। ফল পেয়েছে ২০২৪ সালে এসে। কিন্তু, প্রশ্ন উঠছে উৎপত্তিস্থল টাঙ্গাইলের নাম ধারণ করার পরও ভৌগলিকভাবে অন্য স্থানের পণ্য হিসেবে বিবেচনা করা যায় কি না? এর জবাবে, হরিপদ বসাক সামনে নিয়ে আসছেন পশ্চিমবঙ্গেরই বালুচরী শাড়ির উদাহরণকে। তার ভাষ্য, "অষ্টাদশ শতাব্দীর শুরুতে মুর্শিদাবাদ জেলার বালুচর নামক স্থানে এই শাড়ির জন্ম হলেও পরবর্তীকালে বন্যার কারণে বালুচরী তাঁতিরা বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে চলে আসেন। পরবর্তীতে সেখানে এই শাড়ির প্রসার ঘটে। স্থানান্তরিত হলেও বালুচরী শাড়ি ʽবিষ্ণুপুরি, বা অন্য কোনও নাম পরিগ্রহ করেনি, বরং বালুচরী নামেই জিআই পেয়েছে।„ বলেন এই তাঁতশিল্প গবেষক। আর নিলয় বসাক উল্লেখ করেছেন, "দেশভাগের বলি হয়ে ভারতে চলে এলেও ʽটাঙ্গাইল, শব্দটি ছি বসাক তাঁতিদের অস্থিমজ্জাগত। ফলে উদ্বাস্তু এই তাঁতিরা নিজেদের বয়নীকৃত শাড়ির নাম বা বয়ন কৌশল পরিবর্তন করার কথা কল্পনাও করেননি।„

কিন্তু এ ব্যাপারে ভিন্ন মত পোষণ করেন বাংলাদেশের ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, বিসিক এর বিপণন শাখার মহাব্যবস্থাপক অখিল রঞ্জন তরফদার। ঢাকাই জামদানি, রংপুরের শতরঞ্জি ও শীতলপাটির মত পণ্যগুলোর জিআই প্রাপ্তির সময় এই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত ছিলেন মি. অখিল রঞ্জন। তিনি এ খবরে ʽবিস্মিত, হয়েছেন বলে মন্তব্য করেন। বিবিসি বাংলাকে বলেন, এটা যৌক্তিক নয়। এটার নামই কিন্তু জিওগ্রাফিক্যাল, অর্থাৎ, ভৌগোলিক অবস্থানের ওপর ভিত্তি করে এই পণ্যটার একটা স্বীকৃতি। "এখানে ব্যক্তির কোনো বিষয় নেই। যারা আগে চলে গেছে, তারা এমন দাবি করে করলে এটা একটু খটকাই লাগে,„ যোগ করেন বিসিকের এই কর্মকর্তা। বলেন, "শাড়িটার যেহেতু টাঙ্গাইলেই উৎপত্তিস্থল, এখানেই উৎকর্ষ। এই স্থানের ভিত্তিতেই কিন্তু এটার স্বীকৃতি হওয়া উচিত।„

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালেয়ের গবেষকদের সুব্রত ব্যানার্জি ও সুমনা শারমিনও এই ধারণাটাকেই সমর্থন করেন। অবশ্য, নিলয় কুমার ও হরিপদ বসাকও এ বিষয়ে বিতর্কের অবকাশ থেকে যায় বলে মনে করেন। তাঁত শিল্পী ও ব্যবসায়ীদের কাছ থেকে জানা যাচ্ছে, টাঙ্গাইলের শাড়ির সুতা মিহি ও চিকন হয়। সুতা টেকসই হয়, ফলে দীর্ঘদিন ব্যবহার নৈমিত্তিক ব্যবহারের উপযোগী থাকে। এ ধরনের শাড়ি তপ্ত আবহাওয়ায়ও আরামদায়ক হয়। তাঁতিদের স্থান পরিবর্তনের সঙ্গে সঙ্গে শাড়িতেও বিভিন্ন পরিবর্তন যুক্ত হয়েছে বলে জানালেন মি. হরিপদ বসাক। বিবিসি বাংলাকে বলছেন, "টাঙ্গাইল ঘরানার ওপর কাজ করে এটাতে বৈচিত্র্য আনা হয়েছে। বাজারের চাহিদা অনুযায়ী কালার বা ডিজাইনে ঘটানো হয়েছে পরিবর্তন।„ বাংলাদেশের বাজার ভারতের শাড়িতে সয়লাব বলে মন্তব্য করেছেন ব্যবসায়ী নাজমুল হাসান। ভারত থেকে যেসব ʽটাঙ্গাইল শাড়ি, আসে সেগুলো একটু ʽসিল্ক টাইপের, হয় বলে মত দেন তিনি। বসাকদের বাইরেও অনেকেই এই পেশার সঙ্গে যুক্ত আছেন দীর্ঘদিন ধরে। তেমনই এক তাঁতবস্ত্র ব্যবসায়ী পরিবারের সন্তান নাজমুল হাসান। আগে বল্লারামপুর গ্রামে নিজেদের তাঁত থাকলেও করোনা মহামারীর অভিঘাত পার করে এখন আর সরাসরি উৎপাদন না করে বিপণনের সঙ্গে যুক্ত আছেন। মি. নাজমুল বিবিসি বাংলাকে বলেন, "আমার ছোটবেলায় দেখছি রমরমা বিজনেস ছিল। এখন সেই বিজনেসটা আর নাই। হাতের তাঁতগুলো উঠে গিয়ে এই শিল্প পাওয়ার লুমের দিকে ধাবিত হচ্ছে বলে জানান তিনি। তবে দাবি করেন, মেশিনেও কাপড়ের মান মোটামুটি একইরকম থাকে। "করোনার পর এই অঞ্চলের অর্ধেক তাঁত নাই হয়ে গেছে। আমাদের ৫০ টা তাঁত ছিলো। ২০-৩০ লাখ টাকা লস দিয়ে হলেও সেগুলো একেবারে বন্ধ করে দিতে বাধ্য হয়েছি।„ এখন মি. নাজমুল অন্যান্য উৎপাদকদের কাছ থেকে কিনে শো-রুম ও অনলাইনের মাধ্যমে বিক্রি করেন। পশ্চিম বঙ্গের নদীয়া বা বর্ধমানেও হ্যান্ডলুমের জায়গা দখল করে নিয়েছে পাওয়ার লুম। ফলে, জি আই স্বীকৃতি মিললেও হস্তচালিত তাঁতে বোন টাঙ্গাইল শাড়ির ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তা আছে সেখানকার বসাকদেরও। বাংলাদেশের মোট জিআই পণ্যের সংখ্যা এখন বেড়ে দাঁড়িয়েছে ১৭ টিতে। সর্বশেষ ২০২৩ সালে নিবন্ধিত জি-আই পণ্য হল - নাটোরের কাঁচা গোল্লা।

বাংলাদেশের শীতলপাটি, রাজশাহী সিল্ক, রংপুরের শতরঞ্জি, কালিজিরা চাল, দিনাজপুরের কাটারীভোগ চাল এবং নেত্রকোনার সাদামাটি ২০১৭ ও ,১৮ সালে এই তালিকায় স্থান পায়। আরও স্থান পায় বাগদা চিংড়ি, বগুড়ার দই, শেরপুরের তুলশিমালা ধানা, চাপাই নবাবগঞ্জের ল্যাংড়া ও আশ্বিনা আম। এর আগে, বাংলাদেশে প্রথম বারের মতো জি-আই পণ্য হিসাবে ২০১৬ সালে স্বীকৃতি পেয়েছিল জামদানি। এরপর ২০১৭ সালে ইলিশ, ২০১৯ সালে খিরসাপাতি আম, ২০২০ সালে ঢাকাই মসলিনকে স্বীকৃতি দেয়া হয়। এরপর থেকে এই পণ্যগুলো বাংলাদেশের নিজস্ব পণ্য হিসাবে বিশ্বে পরিচিতি পাচ্ছে। কোনো একটি দেশের পরিবেশ, আবহাওয়া ও সংস্কৃতি যদি কোনো একটি পণ্য উৎপাদনে ভূমিকা রাখে, তাহলে সেটিকে ওই দেশের ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। কোন পণ্য জি-আই স্বীকৃতি পেলে পণ্যগুলো বিশ্বব্যাপী ব্র্যান্ডিং করা সহজ হয়। এই পণ্যগুলোর আলাদা কদর থাকে। ওই অঞ্চল বাণিজ্যিকভাবে পণ্যটি উৎপাদন করার অধিকার এবং আইনি সুরক্ষা পায়।

আন্তর্জাতিক মেধাস্বত্ব বিষয়ক সংস্থা ইন্টারন্যাশনাল প্রোপার্টি রাইটস অর্গানাইজেশনের (ডব্লিউআইপিও) নিয়ম মেনে বাংলাদেশের শিল্প মন্ত্রণালয়ের অধীনে পেটেন্টস, ডিজাইন এবং ট্রেডমার্ক বিভাগ (ডিপিডিটি) এই স্বীকৃতি ও সনদ দিয়ে

থাকে। যে ব্যক্তি/ প্রতিষ্ঠান বা সংস্থা জি-আই এর জন্য আবেদন করেন সেটার মেধাস্বত্ত্ব তাদের দেয়া হয়। ২০১৩ সালে ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন হয়। ২০১৫ সালে আইনের বিধিমালা তৈরির পর জি-আই পণ্যের নিবন্ধন নিতে আহ্বান জানায় ডিপিডিটি। ডিপিডিটি'র ভৌগলিক নির্দেশক পণ্যের জার্নাল থেকে বাংলাদেশের ১৭ টি জি-আই পণ্যের বিস্তারিত তথ্য পাওয়া যায়। (বিবিসি ওয়েব পেজ : ৩.২.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### আওয়ামী লীগ সরকারই ব্যবসায়িক সিন্ডিকেট তৈরি করেছে, অভিযোগ বিএনপির

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য জয়নাল আবদীন ফারুক অভিযোগ করেছেন, সরকার নিজেই একটি ব্যবসায়িক সিন্ডিকেট তৈরি করেছে এবং সেই সিন্ডিকেট নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়িয়ে দিচ্ছে। রাজধানী ঢাকায় শনিবার (৩ ফেব্রয়ারি) এক মানববন্ধন কর্মসূচিতে এই অভিযোগ করেন জয়নাল আবদীন ফারুক। বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ও মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ নেতাকর্মীদের নিঃশর্ত মুক্তির দাবিতে, এই কর্মসূচির আয়োজন করে স্বাধীনতা অধিকার আন্দোলন। জয়নাল আবদীন ফারুক বলেন, "হায়, আওয়ামী লীগ... তারা ঔদ্ধত্যের সঙ্গে কথা বলে... তাদের কোনো লজ্জা নেই। তারা দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণের কথা বললেও, আড়ালে সিন্ডিকেট তৈরি করে।„ নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়িয়ে ব্যবসায়ী সিন্ডিকেট যে টাকা আয় করে, তার একটা অংশ সরকার পায় বলে উল্লেখ করেন তিনি। "সিন্ডিকেটের সেই টাকা দিয়ে আপনারা (আওয়ামী লীগ নেতারা) মালয়েশিয়া, কানাডা, ব্যাংকক, সিঙ্গাপুরে ঘরবাড়ি নির্মাণ করে ব্যবসা করবেন; আর, বাংলাদেশের দরিদ্র মানুষ ডিম মাংস কিনে খেতে পারছেন না। তারপরও তারা (সরকার) ঔদ্ধত্য দেখাচ্ছে;„ যোগ করেন জয়নাল আবদীন ফারুক। বিএনপি নেতা ফারুক বলেন, যারা দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধ ও মানুষকে শান্তিতে ঘুমানোর সুযোগ দিতে পারছে না এবং যারা মেগা প্রকল্পের নামে ও উন্নয়নের নামে কোটি কোটি টাকা লুটপাট করছে, তাদের লজ্জিত হওয়া উচিত। তিনি আরো বলেন, আওয়ামী লীগ নেতাদের মুখ বন্ধ রাখা উচিত। অবিলম্বে পদত্যাগ করা উচিত। কারণ এটা জনগণের সরকার নয় এবং জনগণের ভোটে এই সরকার গঠিত হয়নি। বিএনপিকে ছোট করে কোনো মন্তব্য না করতে ক্ষমতাসীন দলের নেতাদের প্রতি আহ্বান জানান জয়নাল আবদীন ফারুক। বলেন, "আমাদের দুর্বল ভাববেন না। আমরা সৎ হিসেবে শক্তিশালী এবং অতীতে আমরা সততার সঙ্গে সরকার পরিচালনা করেছি।„ "যদিও আমাদের দলের নেতাকর্মীরা কঠিন সময় পার করছে; তবুও সরকারের পতন নিশ্চিত করতে আমরা জনগণকে সঙ্গে নিয়ে চলমান আন্দোলন চালিয়ে যাব;„ বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য জয়নাল আবদীন ফারুক। (ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

### চট্টগ্রামে অনুষ্ঠিত হলো বর্ণাঢ্য সাম্পান বাইচ

নৌযান সাম্পান; বাংলাদেশের লোকজ সংস্কৃতির অংশ। প্রধানত বাংলাদেশের চট্টগ্রাম অঞ্চলের সঙ্গে এই সাম্পানের গভীরতর সম্পর্ক রয়েছে। এই অঞ্চলের বাণিজ্য, সাগর যাত্রা, সামাজিক সুখ-দুঃখের বর্ণনা জড়িয়ে আছে সাম্পানের সঙ্গে। যান্ত্রিক নৌযানের এখন বাড়বাড়ন্ত অবস্থা। এমন পরিস্থিতিতে, এখনো কর্ণফুলি নদীর বুক চিরে চলছে সাম্পান। তবে, নতুন প্রজন্ম এই নৌযানটিকে আর আবেগ দিয়ে বিবেচনা করে না। সাম্পানের ঐতিহ্য ও এর সাংস্কৃতিক ইতিহাসকে নতুন প্রজম্মের কাছে তুলে ধরতে, চট্টগ্রামের ফৌজদারহাট ডিসি পার্কের দিঘিতে আয়োজন করা হয় সাম্পান বাইচ। চট্টগ্রাম জেলা প্রশাসনের আয়োজনে শনিবার (৩ ফেব্রুয়ারি) বিকালে এই সাম্পান বাইচ (প্রতিযোগিতা) অংশ নেয় কর্ণফুলী নদীর পাঁচটি সাম্পান মাঝির দল। সাম্পান চালিয়ে জীবিকা নির্বাহ করা মাঝিরা তুলে ধরেন তাদের জীবনের গল্প। সাম্পান বাইচ উপলক্ষ্যে শনিবার হাজার হাজার মানুষ ভীড় করে ডিসি পার্কে। প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে অভয় মিত্র ঘাট সাম্পান সমিতি। দ্বিতীয় হয়, ইছানগর বাংলা বাজার ঘাট সাম্পান সমিতি। আর, তৃতীয় স্থান পায় চরপাথর ঘাটা ব্রিজ ঘাট সাম্পান চালক কল্যাণ সমিতি। এছাড়া, প্রতিযোগিতায় অংশ নেয় ইছানগর সদর ঘাট সাম্পান টেম্পু মালিক সমিতি এবং কর্ণফুলী নদী সাম্পান মাঝি কল্যাণ সমিতি ফেডারেশন দল। চট্টগ্রামের ডিসি পার্কে চলছে মাসব্যাপী ফুল উৎসব। দেশ বিদেশের ১২৭ প্রজাতির ফুলের লক্ষাধিক গাছ দিয়ে সাজানো হয়েছে উৎসব প্রাঙ্গণ। উৎসব ঘিরে চলছে বই মেলা, পিঠা উৎসব ও ঘুড়ি উড়ানো প্রতিযোগিতা।
(ভোয়া ওয়েব পেজ : ০৪.০২.২০২৪ এলিনা)

### সবচেয়ে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়তা জোরদার করবে তিন জাতিসংঘ সংস্থা

সবচেয়ে দুর্বল এবং ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সহায়তা জোরদার করার বিষেয়ে প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করছে জাতিসংঘের তিনটি সংস্থা। শনিবার (৩ ফেব্রুয়ারি) বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। সংস্থাগুলো হলো; জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি), জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ) ও জাতিসংঘ প্রকল্প পরিষেবা অফিস (ইউএনওপিএস)। বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতিসংঘের এই সংস্থাগুলোর নির্বাহী বোর্ডের সভাপতি রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত

বোর্ডের প্রথম অধিবেশনের সমাপনী পর্বে সভাপতিত্ব করেন। এ সময় তিনি জাতিসংঘ সংস্থাগুলোর এই প্রতিশ্রুতির কথা জানান। অধিবেশন চলে গত বছরের ২৯ জানুয়ারি থেকে চলমান বছরের ২ ফেব্রুয়ারি পর্যন্ত। এই অধিবেশনে জাতিসংঘ সংস্থাগুলো, দেশ পর্যায়ে তাদের কাজের প্রভাব এবং বাস্তব, কর্মক্ষম পরিচালনার বিষয়গুলো নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করে। অধিবেশনে, বোর্ডের মূল তদারকি কার্যক্রমের সঙ্গে প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ দিকগুলো নিয়ে আলোচনা করা হয়েছে বলেও বিজ্ঞপ্তিতে বলা হয়। অধিবেশন চলাকালে, ইউএনডিপির প্রশাসক আচিম স্টেইনার, ইউএনএফপিএর নির্বাহী পরিচালক নাতালিয়া কানেম, ইউএনওপিএস এর নির্বাহী পরিচালক জর্জ মোরেরা দা সিলভা বোর্ডের সদস্যদের সঙ্গে তাদের অভিমত তুলে ধরেন। তারা সকলেই, বিশ্বে চলমান অর্থনৈতিক, রাজনৈতিক ও নিরাপত্তা চ্যালেঞ্জ নির্বিশেষে, মূল ভিত্তিতে থেকে জনগণের জন্য কাজ চালিয়ে যাওয়ার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন। রাষ্ট্রদূত মুহিত বোর্ডের পক্ষ থেকে সংস্থাগুলোকে কারিগরি ও কৌশলগত দিক নির্দেশনা প্রদান এবং তাদের কাজে সমর্থন প্রদানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন। রাষ্ট্রদূত মুহিত নির্বাহী বোর্ডের অধিবেশনগুলোতে সভাপতিত্ব করা ছাড়াও দ্বিপক্ষীয় ও আঞ্চলিক কাঠামোতে সংস্থাগুলোর প্রধানদের সঙ্গে বৈঠক ও মতবিনিময় করেন। এর আগে, ২০২৩ সালের ১০ জানুয়ারি রাষ্ট্রদূত মুহিত ইউএনডিপি/ইউএনএফপিএ/ইউএনওপিএস নির্বাহী বোর্ডের সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। প্রথম বাংলাদেশি রাষ্ট্রদূত হিসেবে তিনি ইউএনডিপি/ইউএনএফপিএ/ইউএনওপিএস এর নির্বাহী বোর্ডের সভাপতি নির্বাচিত হয়েছেন। এর আগে তিনি একই বোর্ডের ভাইস প্রেসিডেন্ট এবং ইউএন উইমেন এক্সিকিউটিভ বোর্ডের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন রাষ্ট্রদূত মুহিত। (ভোয়া ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ এলিনা)

### বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব আরো বাড়াতে আগ্রহ প্রকাশ করেছে ইউরোপীয় ইউনিয়ন

বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব আরো জোরদার করার আগ্রহ প্রকাশ করেছে ইউরোপীয় ইউনিয়ন। শুক্রবার (২ ফেব্রুয়ারি) বেলজিয়ামের ব্রাসেলসে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড, হাছান মাহমুদের সঙ্গে ইউরোপীয় ইউনিয়নের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক অনুষ্ঠিত হয়। শনিবার (৩ ফেব্রুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বৈঠকের পর ইউরোপীয় ইউনিয়নের কর্মকর্তারা বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীকে তাদের আগ্রহের কথা জানান। তৃতীয় ইইউ ইন্দো-প্যাসিফিক মিনিস্টারিয়াল ফোরামের সাইডলাইনে শুক্রবার ইউরোপিয়ান কমিশনার ফর ইন্টারন্যাশনাল পার্টনারশিপস জুটা আরপিলাইনেন এবং ইউরোপিয়ান কমিশনার ফর ক্রাইসিস ম্যানেজমেন্ট জ্যানেজ লেনারসিচের সঙ্গে পৃথক বৈঠক করেন হাছান মাহমুদ। একই দিনে, ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রবিষয়ক হাই-রিপ্রেজেন্টেটিভ জোসেপ বোরেল ফন্টেলেসের সঙ্গে বিনিময় করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। এ সময় ইউরোপীয় ইউনিয়নের কর্মকর্তারা বাংলাদেশের সঙ্গে বিভিন্ন বিষয়ে ইইউ,র সহযোগিতা বৃদ্ধি এবং অংশীদারিত্ব জোরদার করার মাধ্যমে একসঙ্গে কাজের আগ্রহ ব্যক্ত করেন বলে জানায় বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। মন্ত্রণালয় জানিয়েছে যে নেদারল্যান্ডস, অস্ট্রিয়া, হাঙ্গেরি, পর্তুগাল, লিথুয়ানিয়ার পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠক করেছেন হাছান মাহমুদ। বৈঠকগুলোত বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়েছে। বৈঠকে বাংলাদেশর পররাষ্ট্রমন্ত্রী, রোহিঙ্গাদের পূর্ণ অধিকারসহ প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ বৃদ্ধির জন্য সকলের প্রতি অনুরোধ জানান। (ভোয়া ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### বিএনপি-আওয়ামী লীগ দুই দলের পাল্টাপাল্টি অভিযোগ

বাংলাদেশের বিএনপির কালো পতাকা মিছিল নতুন করে সন্ত্রাস ও নৈরাজ্যের তৎপরতা বাড়িয়ে দিচ্ছে বলে অভিযোগ করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম। এদিকে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবেদিন ফারুক বলেছেন, রাষ্ট্রযন্ত্র ব্যবহার করে তার দলের নেতাকর্মীদের মিথ্যা ও গায়েবি মামলায় কারাগারে আটকে রাখা হয়েছে। বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

বিএনপি কালো পতাকা মিছিল নতুন করে সন্ত্রাস ও নৈরাজ্যের তৎপরতা বাড়িয়ে দিচ্ছে- বলে অভিযোগ করেছেন, আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম। তিনি বলেন, জনগণকে সাথে নিয়ে সকল অশুভ অপতৎপরতা মোকাবেলা করা হবে। শনিবার সকালে রাজধানীর মতিঝিলে অসহায় ও দুঃস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণকালে তিনি এসব কথা বলেন। এসময় নাসিম বলেন,যখনই কোন দুর্ভোগ, দুর্বিপাক দেখা দিয়েছে, তখনই দেশের মানুষের পাশে দাঁড়িয়েছে আওয়ামী লীগ। জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিতে, আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি নেতাকর্মীদের সতর্ক থাকার আহবান জানান বাহাউদ্দিন নাসিম (স্বকণ্ঠে) : মানুষের জীবনযাত্রাকে বাধাগ্রস্ত করে অর্থনৈতিক সমৃদ্ধির পথে যারা বাধাগ্রস্ত করে মানুষের দুঃখ বাড়াতে চায় তাদের বিরুদ্ধে বঙ্গবন্ধুর আদর্শের সংগ্রাম চলতেই থাকবে। অন্যদিকে বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা জয়নুল আবদীন ফারুক বলেছেন,সরকার মুখে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের কথা বললেও তাদের দলের নেতারাই সিন্ডিকেটের সাথে জড়িত। শনিবার সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে স্বাধীনতা অধিকার আন্দোলনের আয়োজনে মানব-বন্ধনে যোগ দিয়ে, তিনি এসব কথা বলেন।

এসময় এই বিএনপি নেতা অভিযোগ করেন, রাষ্ট্র-যন্ত্র ব্যবহার করে বিএনপির নেতাকর্মীদের মিথ্যা ও গায়েবি মামলায় কারাগারে আটক রাখা হয়েছে (স্বকণ্ঠে) : আজকে দেশের সুশাসনের কথা বলেন, স্মার্ট বাংলাদেশ গড়বেন সেই কথা বলেন, লজ্জা হওয়া উচিত, যারা দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করতে পারেন না।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৩.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## সুনামগঞ্জে ফসল রক্ষা বাঁধ নির্মাণকাজে ধীরগতি, দুশ্চিন্তায় হাওড়ের ৪ লাখ কৃষক

বাংলাদেশের সুনামগঞ্জে আগাম বন্যা থেকে হাওড়ের বোরো ধান রক্ষায় প্রস্তাবিত বাঁধ একমাস পেরিয়ে গেলেও পুরোদমে কাজ এখনো শুরু হয়নি। এ সম্পর্কে ঢাকা থেকে আমাদের প্রতিনিধির পাঠানো প্রতিবেদন :
সুনামগঞ্জে আগাম বন্যা থেকে হাওরের বোরো ধান রক্ষায় নির্মাণ করা হয় ফসল রক্ষা বাঁধ। একমাস পেরিয়ে গেলেও পুরোদমে শুরু হয়নি হাওড়ের ফসল রক্ষা বাঁধ নির্মাণ কাজ। ফলে দুশ্চিন্তা নিয়ে বোরো ধান রোপণ করছেন কৃষকরা। সুনামগঞ্জে প্রতি বছরই আগাম বন্যা থেকে হাওড়ের বোরো ধান রক্ষায় নির্মাণ করা হয় ফসল রক্ষা বাঁধ। গত ১৫ ডিসেম্বর জেলার ১২টি উপজেলায়, ১২৫ কোটি টাকা ব্যয়ে ৭৩৩টি অংশে ৫৯১ কিলোমিটার বাঁধের নির্মাণকাজ শুরু হয়। যে কাজের নির্ধারিত মেয়াদ দেয়া ছিল ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত। কাজ শুরুর প্রায় ১ মাস পেরিয়ে গেলেও, বাঁধ নির্মাণ পুরোপুরি শেষ না হওয়ায় চিন্তিত হাওড়ের ৪ লাখ কৃষক। জনৈক ব্যক্তি (এক) (স্বকণ্ঠে) : দ্রুতভাবে এবং গুরুত্ব সহকারে সময়ের মধ্যে কাজটা শেষ করা যেত বাঁধটা মজবুত হতো তাহলে কৃষক যারা আছে তাদের মনের মধ্যে সাহস থাকতো। জনৈক ব্যক্তি (দুই) (স্বকণ্ঠে): বাঁধের কাম ভালোভাবে হলে আমরা ধান পাব ৫০ মন। তারা জানান, প্রতিবছর হাওড়ের বাঁধ নিয়ে কৃষকদের দুশ্চিন্তায় থাকতে হয়। কোনো বছরেই বাঁধের কাজ নির্ধারিত সময়ে শেষ না হওয়ায় আগাম বন্যায় হাওড়ের ধান নষ্ট হয় বলে জানান হাওড়ের কৃষকরা। এ বছর নির্ধারিত সময়ে বাঁধের কাজ শেষ না হলে কঠোর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলে হুঁশিয়ারি দেন সুনামগঞ্জ হাওড় বাঁচাও আন্দোলনের সাধারণ সম্পাদক বিজন সেন রায় (স্বকণ্ঠ) : এক মাস চলে গেছে কিন্তু কাজ হয়নি টুয়েন্টি পার্সেন্ট কাজ হয়েছে ৮০ পার্সেন্ট বাকি রয়ে গেছে। পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মামুন হাওলাদার জানান (স্বকণ্ঠে) : এই বছর আমাদের বাঁধ ক্ষতিগ্রস্ত কম হয়েছে এবং আমরা আশা করি নির্ধারিতকে সময়ের মধ্যে কাজ শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করতে পারব। আর সুনামগঞ্জের জেলা প্রশাসক মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী বলেন (স্বকণ্ঠে) : পানি যদি নেমে না যায় হাওড় থেকে তাহলে এটার এস্টিমেট করাটা সম্ভব হয় না সময় মত। এই কারণে ডিলে হয় এবং কোনো যদি অনিয়মের অভিযোগ আমরা পাই তাহলে আইন অনুযায়ী এটার ব্যবস্থা নেওয়া হবে। চলতি বছর সুনামগঞ্জে ৪ লাখ কৃষক দুই লাখ ২৩ হাজার ২৪৫ হেক্টর জমিতে বোরো চাষাবাদ করেছেন। যেখান থেকে এবছর ১৩ লাখ ৭০ হাজার ২০২ মেট্রিক টন ধান উৎপাদিত হবার আশা করছেন সংশ্লিষ্টরা।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৩.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## ইউক্রেনে শিশুদের শিক্ষার জন্য ল্যাপটপ এবং ট্যাবলেট পাঠিয়েছে জাপান

রুশ আগ্রাসনের মাঝে শিশুদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে সহায়তা করার একটি কর্মসূচির অংশ হিসাবে ইউক্রেনে কম্পিউটার সরঞ্জাম পাঠাচ্ছে জাপান। জাপান, জেনারেটর'সহ তিন হাজার চারশ ল্যাপটপ, ট্যাবলেট ও নেটওয়ার্ক সরঞ্জাম পাঠাচ্ছে। গতকাল শুক্রবার, জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা বা জাইকার মাধ্যমে কিছু সামগ্রী ইউক্রেনের কাছে হস্তান্তর করা হয়েছে। সামগ্রীগুলো, রুশ বোমা হামলায় অনেকগুলো বিদ্যালয় ধ্বংসপ্রাপ্ত হওয়া ইউক্রেনের পূর্বাঞ্চলের ডিজিটাল শিক্ষাকেন্দ্রে পৌঁছে দেওয়া হবে। এমনকি রাজধানী কিইভেও, বিমান হামলার সাইরেনের শব্দে প্রায়শই ক্লাস ব্যাহত হওয়ার পাশাপাশি শিশুরা আশ্রয়কেন্দ্রে চলে যেতে বাধ্য হয়। শিক্ষা ও বিজ্ঞান বিষয়ক উপমন্ত্রী দিমিত্রো জাভগোরোদনি'র ভাষ্যমতে, যত বেশি সম্ভব শিশুদের অনলাইনে শিক্ষা দেয়াই হচ্ছে এর লক্ষ্য। জাইকা ইউক্রেন কার্যালয়ের শীর্ষ প্রতিনিধি মাৎসুনাগা হিদেকির ভাষ্যানুযায়ী, যেসব শিশু স্কুলে যেতে পারে না তাদের শেখার সুযোগ দেয়ার জন্য এই সরঞ্জামের প্রয়োজন রয়েছে। তিনি আরও বলেন যে, ইউক্রেনের পুনর্গঠন প্রচেষ্টায় সহায়তা অব্যাহত রাখার ইচ্ছা পোষণ করছে জাপান। (এনএইচকে ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ এলিনা)

# ডয়চে ভেলে

## উচ্চ মূল্যস্ফীতি মানসিক চাপ বাড়াচ্ছে

দেশে উচ্চ মূল্যস্ফীতির কারণে মানসিক চাপ বাড়ছে। দ্রব্যমূল্য দিন দিন মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। মূল্যস্ফীতি এখন এমন পর্যায়ে চলে যাচ্ছে মধ্যবিত্ত নিম্নবিত্তে পরিণত হচ্ছে। আর নিম্নবিত্ত মহাসংকটে পড়ছে। মানুষ এখন সঞ্চয় ভেঙে খাচ্ছে। যাদের সঞ্চয় নেই, তারা ঋণ করছে। ফলে মানুষের উপর চাপ বেড়ে যাচ্ছে। অর্থনীতিবিদরা বলছেন, পরিস্থিতির উন্নতি না হলে দিন দিন সংকট আরও বেড়ে যাবে। নীলফামারীতে আশিকুর মোল্লা বাবু নামে একজন ব্যবসায়ী স্ত্রী ও দুই শিশুকন্যাকে হত্যার পর নিজে আত্মহত্যার চেষ্টা করেছেন। তার অবস্থাও

আশঙ্কাজনক। আশিকুরের চাচাতো ভাই জাকির হোসেন মোল্লা ডয়চে ভেলেকে বলেন, ”বাবার মৃত্যুর পর ব্যাংক থেকে নেওয়া ২২ লাখ টাকা ঋণ শোধ করতে গিয়ে আশিকুরের ব্যবসার পুঁজি শেষ হয়ে যায়। পাশাপাশি তিনি যে রাখিমালের ব্যবসা করতেন সেখানেও বড় ধরনের লস করেছেন। তার গোডাউনে রাখা রসুন সব পচে গেছে। নতুন করে ব্যবসা করতে পৈতৃক কিছু জমি বিক্রির সিদ্ধান্ত নেন। কিন্তু চূড়ান্ত রেজিস্ট্রি করতে গেলে শরিকরা বাধা হয়ে দাঁড়ায়। এসব কারণে হতাশ হয়ে বেশ কিছুদিন ঘরবন্দি ছিলেন আশিকুর। মানসিক বিপর্যয় থেকে তিনি এই কাজ করে থাকতে পারেন।„

সমাজবিজ্ঞানী অধ্যাপক ড. নেহাল করিম ডয়চে ভেলেকে বলেন, ”আমাদের দেশটা পুঁজিবাদী রাষ্ট্রে পরিণত হয়েছে। এখানে ধনীরা আরও ধনী হচ্ছে। গরীব আরও গরীব হচ্ছে। এই ব্যবসায়ী আশিকুর মোল্লা তার ন্যূনতম একটা সম্মানবোধ আছে। তিনি তো নীলফামারীর সদর উপজেলার চড়াইখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুর রউফ মোল্লার ছেলে। ফলে সম্মানবোধ থেকে তিনি হয়ত এই কাজ করেছেন। কিন্তু আমাদের দেশে তো হাজার হাজার কোটি টাকা ঋণখেলাপি হয়ে অনেকেই আয়েষে জীবন যাপন করছেন। তাদের ওই সম্মানবোধটাই নেই। এখন পরিস্থিতি যে পর্যায়ে গেছে তাতে গরিব আরো গরিব হচ্ছে।„ আশিকুর মোল্লার স্ত্রী তহুরা বেগমের ছোট ভাই মো. আসাদুজ্জামান ডয়চে ভেলেকে বলেন, ”অনেক দিন ধরে মানসিক সমস্যায় ভুগছিলেন আশিকুর। তিনি মনোরোগ চিকিৎসকের শরণাপন্ন হয়েছিলেন। ঘটনার পর তার বাসা থেকে বেশ কয়েকটি চিকিৎসার ব্যবস্থাপনাপত্র জব্দ করেছে পুলিশ। সব ব্যবস্থাপনাপত্র মনোরোগ চিকিৎসকদের। এ ছাড়া ঘরের ভেতরে বিছানার পাশ থেকে রক্তাক্ত চাকু পাওয়া গেছে। ধারণা করা হচ্ছে, স্ত্রী-সন্তানদের হত্যার পর ওই চাকু দিয়ে আত্মহত্যার চেষ্টা করেন আশিকুর। তবে তিনি সুস্থ না হওয়া পর্যন্ত পুরো ঘটনা বোঝা যাচ্ছে না।„ জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের সাবেক পরিচালক অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার ডয়চে ভেলেকে বলেন, ”মানুষ অনেক সময় হতাশা থেকে এই ধরনের সিদ্ধান্ত নিয়ে থাকে। তবে সবাই একই ধরনের চিন্তা করেন না। হয়ত কোনো একটা সমস্যার কারণে একজন আত্মহত্যার পথে গেলেন। আবার একই ধরনের সমস্যা অন্য আরেকজন অন্যভাবে সমাধান করছেন। এগুলো নির্ভর করে মানসিক চাপ কে কতটা নিতে পারছে। নীলফামারীর এই ঘটনাটাতে যেটা মনে হচ্ছে, তিনি হতাশা থেকে এটা করেছেন। স্ত্রী-সন্তানদের ভবিষ্যৎ নিয়ে চিন্তা থেকেই হয়তো তাদের হত্যার পর নিজে আত্মহত্যার চেষ্টা করেছেন। তবে যে চিন্তা থেকেই এটা করে থাকুক না কেন, সেটা ইতিবাচক নয়। কোনো পরিবারে যদি কেউ এই ধরনের হতাশায় ভোগেন তাহলে দ্রুত মনোরোগ চিকিৎসকের শরণাপন্ন হওয়া উচিত। কারণ এই ধরনের মানুষ যে কোন সময় যে কোন ধরনের সিদ্ধান্ত নিয়ে ফেলতে পারেন।„

দ্রব্যমূল্যের উর্ধ্বগতি প্রতিদিনকার জীবনযাত্রায়সৃষ্টি করেছে এক টালমাটাল অবস্থা। আয়-ব্যয়ের সংযোগ ধরে রাখতে না পেরে অনেকেই ভুগছেন অশান্তিতে। অস্থিরতা আমাদের ভেতরে ঢুকিয়ে দিচ্ছে অনিশ্চিত ভবিষ্যতের ভয়। মৌলিক চাহিদাগুলো পূরণও এখন বেশ কঠিন হয়ে পড়েছে। এর সরাসরি প্রভাব পড়ছে আমাদের মানসিক স্বাস্থ্যেও। অ্যামেরিকান সাইকোলজিক্যাল অ্যাসোসিয়েশনের একটি জরিপে জানা গেছে, ৮৭ শতাংশ অংশগ্রহণকারী নিত্যকার জীবনের বেশিরভাগ মানসিক চাপের উৎসই হচ্ছে সাম্প্রতিক মূল্যস্ফীতি। এই মানসিক চাপ থেকে মুক্তি না পেলে দৈনন্দিন জীবন ক্রমশ হয়ে উঠবে আরো দুর্বিষহ। মনোবিদরা বলছেন, নিজের মনোযোগ কিছুটা সরিয়ে আনার মাধ্যমে মানসিক চাপ থেকে তাৎক্ষণিক মুক্তি মিলতে পারে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. সায়মা হক বিদিশা ডয়চে ভেলেকে বলেন, ”আমাদের আয় তো বাড়ছে না। কিন্তু ব্যয় তো বেড়েই চলেছে। উচ্চ মূল্যস্ফীতির কারণে আমাদের প্রকৃত আয় কমে যাচ্ছে। নীলফামারীর এই ভদ্রলোক হয়ত প্রচণ্ড ভাবে মানসিক চাপে ছিলেন। যে কারণে পুরো পরিবারকে নিয়ে মৃত্যুর কথা ভেবেছেন। অনেকে হয়ত এই অবস্থায় না গেলেও প্রচণ্ড মানসিক চাপে আছেন। এখন আমাদের ঋণ নেওয়ার প্রবণতা বেড়েছে। ফলে আমাদের ঋণ নিলে কিন্তু শোধ করতেই হয়। আমাদের দেশে তো বেকার ভাতা নেই। আমাদের স্বাস্থ্যখাতে একটা বড় খরচ চলে যায়। অথচ উন্নত দেশগুলোতে দ্রব্যমূল্য বাড়লেও স্বাভাবিক জীবনে এর খুব বেশি প্রভাব পড়ে না। কারণ স্বাস্থ্য খাতে তাদের খরচ করতে হয় না। এসব কারণে আমাদের দেশে অনেক বেশি সামাজিক অস্থিরতা তৈরি হচ্ছে। তরুণেরা বিপথগামী হচ্ছে। উচ্চ মূল্যস্ফীতির কারণে বাংলাদেশে সবচেয়ে বেশি বিপদে পড়ছে মধ্যবিত্ত শ্রেণি। কারণ তারা হাত পাততে পারে না। ফলে তাদের সঞ্চয় ভেঙে বা ঋণ করে চলতে হচ্ছে। আর সেই ঋণ শোধ করতে গিয়েই হচ্ছে সংকট।„

(ডয়চে ভেলে ওয়েব পেজ :৩.২.২৪ রিহাব)

## রেডিও টুডে

### পাকিস্তানের কাছে ৫ রানে হেরে বিশ্বকাপ শেষ হয়ে গেছে বাংলাদেশের যুবাদের

চার বছর আগে দক্ষিণ আফ্রিকায় বিশ্বজয় করেছিল বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। এবার সেই দক্ষিণ আফ্রিকায় শেষ চারেও উঠতে পারলেন না বাংলাদেশের যুবারা। বেনোনিতে আজ পাকিস্তানের কাছে হেরেই আকবর আলীদের কীর্তি পুনরাবৃত্তি করার সুযোগ হারিয়েছে মাহফুজুর রহমানের দল। সুপার সিক্সের এক নম্বর গ্রুপের বাঁচামরার লড়াইয়ে

পাকিস্তানকে ১৫৫ রানে অলআউট করে দেন বাংলাদেশের বোলাররা। দারুণ বোলিং করে ৪টি করে উইকেট নেন পেসার রোহনাত দৌল্লাহ ও অফ স্পিনার শেখ পারভেজ। ৫০ ওভারের ম্যাচ, কিন্তু পাকিস্তানের ইনিংস শেষেই বাংলাদেশের জন্য যেটি হয়ে যায় ৩৮.১ ওভারের। সেমিফাইনালে উঠতে ১৫৬ রানের লক্ষ্যটা যে ৩৮.১ ওভারে ছুঁতে হতো বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দলকে। তাহলেই পাকিস্তানকে টপকে ভারতের পর গ্রুপের দ্বিতীয় দল হিসেবে শেষ চারে উঠে যেতে বাংলাদেশ। কিন্তু হলো না! ৩৫.৫ ওভারে ১৫০ রানে অলআউট হয়ে বাংলাদেশের যুবারা হেরেছেন ৫ রানে। আর এই জয়ে গ্রুপ রানার্সআপ হিসেবে সেমিফাইনালে ওঠা পাকিস্তান শেষ চারে খেলবে অস্ট্রেলিয়ার বিপক্ষে। অন্য সেমিফাইনালে ভারতের মুখোমুখি হবে স্বাগতিক দক্ষিণ আফ্রিকা।
(রেডিও টুডে:২১৪৫ ঘ. ০৩.০২.২০২৪ আসাদ)

## বিশ্ব ইজতেমায় আজ তৃতীয় দিনের আম-বয়ান চলছে

গাজীপুরের টঙ্গীতে বিশ্ব ইজতেমায় আজ তৃতীয় দিনে আম্বায়ন চলছে। আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য নিজের ঈমান আমল ও আখলাককে শুদ্ধ রূপে করে তুলতে বয়ান শুনছেন ইজতেমার মুরুব্বী ও মুসল্লিরা। শুক্রবার বাদ ফজর আম-বয়ানের মধ্য দিয়ে শুরু হয় তাবলীগ জামাতের সবচেয়ে বড় আয়োজন বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। এতে লাখো মানুষ একসঙ্গে জুম্মার নামাজ আদায় করেন। তাবলীগ জামায়াতের দুই পক্ষের মধ্যে বিরোধের কারণে গত কয়েক বছর ধরে ইজতেমা হচ্ছে দুই পর্বে। দুই পক্ষের অনুসারীদের নিয়ে আলাদাভাবে। আগামীকাল রোববার আখেরি মোনাজাতের মধ্য দিয়ে বিশ্ব ইজতেমার প্রথম পর্ব শেষ হবে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০২.২০২৪ রুবাইয়া)

## সরকার পতনের আন্দোলন কঠোর করতে আরো কর্মসূচি আসবে: ফারুক

ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারকে স্বৈরাচারী আখ্যা দিয়েছে বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবেদীন ফারুক বলেছেন সরকার পতনের আন্দোলন কঠোর করতে আরো কর্মসূচি আসবে। লড়াই করেই সরকারের পতন নিশ্চিত করা হবে। শনিবার সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে খালেদা জিয়াসহ বিএনপির শীর্ষ নেতাদের মুক্তির দাবিতে এমন মানবববন্ধনে তিনি এসব কথা বলেন। বিএনপি'র এই নেতা আরো বলেন এই সরকারকে বিশ্বাস করা যায় না। তারা শুধু মানুষের টাকা লুটপাট করে নিজেদের সম্পদ বৃদ্ধি করেছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০২.২০২৪ রুবাইয়া)

## সারা দেশে রাতের তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে

সারা দেশে রাতের তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শনিবার সকাল ৯ টা থেকে পরবর্তী ৭২ ঘণ্টায় আবহাওয়ার পূর্বাভাসে এমন বার্তা দেয়া হয়েছে। পূর্বভাসে বলা হয়েছে রাতের তাপমাত্রা বাড়ার সম্ভাবনা থাকলেও দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০২.২০২৪ রুবাইয়া)

## হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সোয়া তিন কোটি টাকার সোনাসহ এক যাত্রী আটক

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সোয়া ৩ কোটি টাকা সোনাসহ এক যাত্রীকে আটক করেছেন শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর। দুবাই থেকে আসা এমিরেটস এয়ারলাইন্সের এই যাত্রীর কাছ থেকে ৩ কেজি ৪৯৮ গ্রাম ওজনের স্বর্ণের বার ও কয়েন জব্দ করে শুল্ক গোয়েন্দার একটি টিম। জব্দ করা স্বর্ণের বারের আনুমানিক মূল্য ৩ কোটি ১৪ লাখ ৮২ হাজার টাকা। জব্দ করা স্বর্ণগুলো কাস্টমস হাউজের গুদামে জমা দেয়া হয়েছে। যাত্রীকে আটক করে বিমানবন্দর থানায় ফৌজদারি মামলা করা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০২.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব জোরদার করার আগ্রহ প্রকাশ করেছে ইউরোপীয় ইউনিয়ন

ইউরোপীয় ইউনিয়ন আগামী দিনে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর পাশপাশি জোরদার অংশীদারিত্বের মাধ্যমে বাংলাদেশের সঙ্গে একত্রে কাজ করতে আগ্রহী। শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে তৃতীয় ইইউ ইন্দো-প্যাসিফিক মিনিস্টেরিয়াল ফোরামের সাইডলাইনে সেখানকার স্থানীয় সময় শুক্রবার সন্ধ্যায় পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে পৃথক বৈঠকে এ আগ্রহের কথা জানান ইইউ তিন কর্মকর্তা। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, ইউরোপিয়ান কমিশনার ফর ইন্টারন্যাশনাল পার্টনারশিপস জুটা আরপিলাইনেন এবং ইউরোপিয়ান কমিশনার ফর ক্রাইসিস ম্যানেজমেন্ট জ্যানেজ লেনারসিচের সঙ্গে পৃথক বৈঠক করেন। এছাড়া পররাষ্ট্রমন্ত্রী একইদিনে ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রবিষয়ক হাই-রিপ্রেজেন্টেটিভ জোসেপ বোরেল ফন্টেলেসের সঙ্গেও মতবিনিময় করেন। এ সময় উভয়ের মধ্যে ফলপ্রসূ আলোচনা হয়। এ সময় ইউরোপীয় কমিশনাররা বাংলাদেশের সঙ্গে বিভিন্ন বিষয়ে ইউ এর সহযোগিতা বৃদ্ধি জোরদার করতে অংশীদারিত্বের মাধ্যমে একসাথে কাজের আগ্রহ ব্যক্ত করেন।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০১.২০২৪ আসাদ)

### দেশের গুরুত্বপূর্ণ স্থাপনায় সন্ত্রাসী হামলার ঝুঁকি রয়েছে : আইনমন্ত্রী

দেশের গুরুত্বপূর্ণ স্থাপনায় সন্ত্রাসী হামলার ঝুঁকি রয়েছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেছেন, যতদিন পর্যন্ত জঙ্গি সংগঠনগুলো আছে বিএনপি-জামায়াত তাদেরকে মদদ দিয়ে যাচ্ছে। ততদিন পর্যন্ত আমাদেরকে সাবধান থাকতে হবে। শনিবার দুপুরে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় এক জনসভায় আইনমন্ত্রী এসব কথা বলেন। এ সময় তিনি বলেন বিএনপি-জামায়াত যদি সন্ত্রাস করতে চায় তাহলে আইন কঠোরভাবে বাস্তবায়ন করা হবে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০১.২০২৪ আসাদ)

### জাতীয় পার্টির সম্পর্কে মানুষের ধারণা ইতিবাচক নয় : জিএম কাদের

জাতীয় পার্টির বিষয়ে মানুষের ধারণা ভালো নয় বলে মন্তব্য করেছেন দলটির চেয়ারম্যান জি এম কাদের। তিনি বলছেন। জাতীয় পার্টির নিয়ন্ত্রিত হয়েছে তা আংশিক সত্য। তবে পরনির্ভরশীলতা ও নিয়ন্ত্রিত হওয়া থেকে বের হয়ে আসার চেষ্টা চলছে। শনিবার রাজধানীর বনানীতে জাতীয় পার্টির চেয়ারম্যানের কার্যালয়ে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এসময় তিনি আরো বলেন, জাতীয় পার্টিকে জনগণের দল হতে হবে; তা না হলে দলের অস্তিত্ব থাকবে না। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০১.২০২৪ আসাদ)

### ব্যক্তিগত গাড়িচালকদের মধ্যে একটি অংশ অপহরণ চক্রের সঙ্গে জড়িয়ে পড়েছে : ডিবি

ব্যক্তিগত গাড়িচালকদের মধ্যে একটি অংশ লোভে পড়ে অপহরণ চক্রের সঙ্গে জড়িয়ে পড়ার প্রমাণ পেয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ। উত্তরার হাসিবুর রহমান হিমেল অপহরণের ঘটনা তদন্ত করতে গিয়ে এমন তথ্য পেয়েছে গোয়েন্দারা। শনিবার দুপুরে মিন্টু রোডের ডিবি কার্যালয়ে সংবাদ ব্রিফিংয়ে এমন তথ্য দেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ ডিবির অতিরিক্ত কমিশনার মোঃ হারুনুর রশিদ। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০২.২০২৪ আসাদ)

### নারায়ণগঞ্জের খানপুরে বিআইডব্লিউটিএ এর গোডাউন সংলগ্ন এলাকায় লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে

নারায়ণগঞ্জের খানপুরে বরফ কল ঘাটি বিআইডব্লিউটিএ এর গোডাউন সংলগ্ন এলাকায় রাখা পাইপে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। প্রায় চার ঘণ্টা পর বিকেল পাঁচটা ১৫ মিনিটে ভয়াবহ আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয় ফায়ার সার্ভিস। আজ দুপুর ১ টা ১৮ মিনিটে দিকে অগ্নিকাণ্ডের খবর পেয়ে ফায়ার সার্ভিসের প্রথম ইউনিট দুপুর একটা ২৩ মিনিটে ঘটনা স্থলে পৌঁছায়। অগ্নিকাণ্ডে এখন পর্যন্ত কোনো হাতাহতের খবর পাওয়া যায়নি। নারায়ণগঞ্জ ফায়ার সার্ভিসের উপপরিচালক মোঃ ফখরুদ্দিন সংবাদ মাধ্যমকে জানান বিআইডব্লিউটিএর গুদাম এলাকায় রাখা নদী খনন করার ড্রেজারের পাইপসহ অন্যান্য সরঞ্জামে আগুন লাগে। তবে আগুনের সূত্রপাত ও ক্ষয়ক্ষতির পরিমাণ এখনো জানা যায়নি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০২.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### বইমেলায় ডিএমপির স্টল পরিদর্শন ও বই কিনলেন প্রধানমন্ত্রী

অমর একুশে বইমেলার শুভ উদ্বোধন শেষে প্রথমবারের মতো ডিএমপির বুক স্টল পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসময় তিনি ডিএমপির স্টল থেকে দুটি বই কেনেন। শত ব্যস্ততার মাঝেও সাহিত্যপ্রেমী পুলিশ লেখকদের মননশীল বই পাঠকদের কাছে পৌঁছে দিতে বইমেলায় এবারো রয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ডিএমপির স্টল। বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রবেশ করতেই মাঠের উত্তর দিকের সারিতে রয়েছে ডিএমপির বুক স্টল। এখানে বইপ্রেমী পাঠকদের জন্য রয়েছে ডিএমপি কমিশনার হাবিবুর রহমান রচিত মুক্তিযুদ্ধে প্রথম প্রতিরোধ: মুক্তিযুদ্ধে পুলিশের ভূমিকা (১ম, ২য় ও ৩য় খন্ড); `ঠার, বেদে জনগোষ্ঠীর ভাষা, LETTERS OF SHEIKH MUJIBUR RAHMAN (VOL.1: 1948- 1950), চিঠিপত্র শেখ মুজিবুর রহমান (খণ্ড ১: ১৯৪৮-১৯৫০), স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, LETTERS OF SHEIKH MUJIB (VOL.2: 1951-1952), শেখ মুজিবের চিঠিসহ (খণ্ড ২: ১৯৫১-১৯৫২), বিভিন্ন পুলিশ লেখকদের গল্প, উপন্যাস, কবিতা ও ছড়ার জনপ্রিয় বই। প্রধানমন্ত্রী ডিএমপি কমিশনারকে সঙ্গে নিয়ে পুলিশ লেখকদের বিভিন্ন বই দেখেন। এসময় প্রধানমন্ত্রী বই কেনার জন্য জনগণকে উৎসাহিত করতে ডিএমপি কমিশনার হাবিবুর রহমান সম্পাদিত বঙ্গবন্ধু জেলখানায় থাকাকালীন বঙ্গবন্ধুর চিঠিপত্রের সংকলন LETTERS OF SHEIKH MUJIB (VOL.2: 1951-1952) ও শেখ মুজিবের চিঠি (খণ্ড ২: ১৯৫১-১৯৫২) বই দুটি কেনেন। স্টলে ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার, অ্যাডমিন এ কে এম হাফিজ আক্তারসহ উর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বাংলা একাডেমির উদ্যোগে `পড়ো বই, গড়ো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ, শীর্ষক প্রতিপাদ্যে একাডেমির প্রাঙ্গণ এবং সংলগ্ন সোহরাওয়ার্দী উদ্যানে বার্ষিক এই বইমেলা আগামী ২৯ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## বাংলাদেশের সঙ্গে অংশীদারত্ব জোরদারে আগ্রহী ইউরোপীয় ইউনিয়ন

বাংলাদেশের সঙ্গে অংশীদারত্ব জোরদারে আগ্রহ প্রকাশ করেছে ইউরোপীয় ইউনিয়ন, ইইউ। স্থানীয় সময় শুক্রবার সন্ধ্যায় বেলজিয়ামের ব্রাসেলসে তৃতীয় ইইউ ইন্দো-প্যাসিফিক মিনিস্টারিয়াল ফোরামের সাইডলাইনে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বৈঠক করেন। এসময় ইউরোপিয়ান কমিশনার ফর ইন্টারন্যাশনাল পার্টনারশিপ জুটা আরপিলাইনেন এবং ইউরোপিয়ান কমিশনার ফর ক্রাইসিস ম্যানেজমেন্ট জ্যানেজ লেনারসিচের সঙ্গে পৃথক বৈঠকে করেন তিনি। ইউরোপীয় কমিশনাররা বাংলাদেশের সঙ্গে বিভিন্ন বিষয়ে ইইউ-এর সহযোগিতা বৃদ্ধি ও জোরদার অংশীদারত্বের মাধ্যমে একত্রে কাজের আগ্রহ ব্যক্ত করেন। ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্র বিষয়ক হাই-রিপ্রেজেন্টেটিভ জোসেপ বোরেল ফন্টেলেসের সঙ্গেও মত বিনিময় করেন পররাষ্ট্রমন্ত্রী। শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। অপরদিকে মন্ত্রী হাছান মাহমুদ নেদারল্যান্ডসের পররাষ্ট্রমন্ত্রী হাঙ্কে ব্রুইনস স্লট, অস্ট্রিয়ার পররাষ্ট্রমন্ত্রী আলেকজান্ডার শ্যালেনবার্গ, হাঙ্গেরির পররাষ্ট্রমন্ত্রী পিটার সিজ্জার্তো, পর্তুগালের পররাষ্ট্রমন্ত্রী ড. জোয়াও গোমেস ক্রাভিনহো এবং লিথুয়ানিয়ার পররাষ্ট্রমন্ত্রী গ্যাব্রিয়েলিয়াস ল্যান্ডসবার্গিসের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। বৈঠকগুলোত বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন মন্ত্রী। একই সঙ্গে রোহিঙ্গাদের পূর্ণ অধিকারসহ প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ বৃদ্ধির অনুরোধ জানান। পাশাপাশি লুক্সেমবার্গের উপ-প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্র ও বৈদেশিক বাণিজ্যমন্ত্রী জেভিয়ার বেটেল এবং স্লোভেনিয়ার পররাষ্ট্রমন্ত্রী তানজা ফাজনের সঙ্গেও মত বিনিময় করেন ড. হাছান মাহমুদ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## শিক্ষা প্রতিষ্ঠানকে ওয়ান-টাইম প্লাস্টিকমুক্ত করার আহ্বান পরিবেশমন্ত্রীর

দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানকে পানির বোতলসহ ওয়ান টাইম প্লাস্টিকমুক্ত করতে শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। আজ শনিবার রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পরিবেশমন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, `দূষণমুক্ত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বাংলাদেশকে ওয়ান টাইম প্লাস্টিকমুক্ত ঘোষণা করতে চাই। শিক্ষা প্রতিষ্ঠানগুলো প্লাস্টিক বর্জ্যমুক্ত হলে এর সঙ্গে জড়িত হাজার হাজার পরিবারও প্লাস্টিকের ক্ষতিকর দূষণ সম্পর্কে জানতে পারবে। শুধু প্লাস্টিক নয়, শিক্ষা প্রতিষ্ঠানে সব ধরনের বর্জ্যমুক্ত হতে হবে এবং প্রয়োজনীয় সংখ্যক বৃক্ষরোপণ করতে হবে।, পরিবেশমন্ত্রী আরো বলেন, `প্লাস্টিকের ভয়াবহ দূষণ সম্পর্কে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি করতে হবে। এজন্য স্কুল, কলেজের সিলেবাসে পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ, বৃক্ষরোপণ এবং জলবায়ু পরিবর্তন মোকাবিলার বিষয়গুলো অন্তর্ভুক্ত করা হবে।' মন্ত্রী এসময় প্রতিষ্ঠানটির বিজ্ঞানাগারসহ সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। তিনি প্রতিষ্ঠানটিকে একটি আদর্শ প্রতিষ্ঠানে পরিণত করার জন্য শিক্ষক, শিক্ষার্থীসহ সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ এমাম হোসাইনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন গভর্নিং বডির শিক্ষক প্রতিনিধি শাহেলী পারভীন, শিক্ষার্থী এবং অভিভাবকগণ। মন্ত্রী মশাল প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্‌বোধন করেন এবং আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজের বিভিন্ন শাখার শিক্ষার্থীদের পরিবেশনায় কুচকাওয়াজ এবং দেশাত্মবোধক ডিসপ্লে উপভোগ করেন। পরে তিনি বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## প্রধানমন্ত্রীর জন্যই দেশে খাদ্য ঘাটতি নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় সবাই পতিত জমিতে শাক-সবজি চাষ করছে। এজন্য ইউক্রেন-রাশিয়া ও ইসরায়েল-ফিলিস্তিনির যুদ্ধে কঠিন সময়েও দেশে খাদ্য ঘাটতি নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। আজ শনিবার দুপুরে রাজধানীর মানিক মিয়া এভিনিউতে নগর কৃষিমেলার উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী সবসময় বলে আসছেন এক ইঞ্চি জায়গাও ফাঁকা রাখবেন না। সব জায়গায় সবজি উৎপাদন করুন। আমরা কিন্তু এর ফল পেয়েছি। প্রধানমন্ত্রীর এ নির্দেশনায় সবাই মনোযোগ দিয়েছে। কৃষিতে কীভাবে বাম্পার ফলন করতে হবে, কোনো জায়গা যেন অনাবাদি না থাকে। সেজন্য আমাদের খাদ্য ঘাটতি নেই। খাদ্য ঘাটতি যদি থাকতো, তাহলে আমরা কী অবস্থায় পড়তাম তা আপনারা নিশ্চয়ই অনুমান করতে পারছেন।' তিনি বলেন, 'আমার গিন্নিও ছাদ বাগান করে। সে মাঝেমধ্যে সুন্দর আম আমাকে উপহার দেয়, আসলে খুব মিষ্টি হয়। কিছুদিন আগে দেখি গাছগুলো মরে গেছে। আমি তাকে নতুন করে গাছ লাগাতে বললাম। আমি যেখানেই যাই এটা খেয়াল রাখি কোনো জায়গা যেন অনাবাদী না থাকে, অন্তত সবজির চাষ যেন হয়।' মন্ত্রী বলেন, 'একজন বললেন ছাদে মাছ পালন করছেন। ছাদে যদি সুইমিংপুল থাকতে পারে, তাহলে মাছের খামার হবে না কেন। আমাদের জমি কমতে থাকলেও উৎসাহ কিন্তু কমেনি। কীভাবে স্বাবলম্বী হবো, কীভাবে আরো এগিয়ে যাব সেটাই আমাদের চিন্তা। সেজন্যই আমরা এগিয়ে যাচ্ছি।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## বৈধপথে রেমিট্যান্স পাঠানোর আহ্বান হাইকমিশনার আল্লামা সিদ্দিকীর

প্রবাসীদের বাংলাদেশে বিনিয়োগের পাশাপাশি বিদেশিদের উৎসাহিত করার আহ্বান জানিয়েছেন অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার এম আল্লামা সিদ্দিকী। এসময় তিনি প্রবাসী বাংলাদেশিদের সর্বজনীন পেনশন স্কিমে অংশ নিতে ও বৈধপথে রেমিট্যান্স পাঠাতে আহ্বান জানান। আজ শনিবার অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরায় বাংলাদেশ হাইকমিশন আয়োজিত সর্বজনীন পেনশন স্কিম ও বৈধপথে রেমিট্যান্স প্রেরণ বিষয়ক এক সেমিনারে এ আহ্বান করেন হাইকমিশনার। এম আল্লামা সিদ্দিকী বলেন, 'দীর্ঘ মেয়াদে এ স্কিমের মাধ্যমে প্রবাসী বাংলাদেশিসহ দেশ উপকৃত হবে। এক্ষেত্রে রাষ্ট্র এ স্কিমে অংশগ্রহণকারীদের বিনিয়োগ করা অর্থের যথাযথ ব্যবহারসহ নির্দিষ্ট মেয়াদ শেষে মাসিক পেনশনের নিশ্চয়তা দেবে। প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।' এম আল্লামা সিদ্দিকী উল্লেখ করেন, 'বাংলাদেশের সক্ষমতা অনেকগুণ বেড়েছে। অবকাঠামো উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনসহ সামাজিক উন্নয়নের বিভিন্ন সূচকে বাংলাদেশ অনেক দূর এগিয়েছে।' সেমিনারে উপস্থিত বক্তারা সর্বজনীন পেনশন স্কিমে প্রবাসীদের জন্য পৃথক স্কিম চালু করায় সরকারকে ধন্যবাদ জানান। তারা বৈধপথে রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে দেশের ব্যাংকিং পদ্ধতিকে সহজতর করার অনুরোধ করেন। সেমিনারে বীর মুক্তিযোদ্ধা, ব্যবসায়ী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসকসহ বিভিন্ন পেশার প্রবাসী বাংলাদেশিসহ হাইকমিশনের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে হাইকমিশনের কাউন্সেলর, শ্রম ও কল্যাণ মোঃ সালাহউদ্দিন সর্বজনীন পেনশন স্কিম ও বৈধপথে রেমিট্যান্স পাঠানোর ওপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## চট্টগ্রামে সড়ক দুর্ঘটনায় বিমান বাহিনীর ৫ কর্মকর্তা আহত

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মিরসরাইয়ে বিমান বাহিনীর কর্মকর্তাদের বহনকারী গাড়ি উল্টে পাঁচজন আহত হয়েছেন। আজ শনিবার সকালে উপজেলার প্রাণিসম্পদ অফিস এলাকায় এ দুর্ঘটনা ঘটে। আহত কর্মকর্তারা কর্তব্য পালনের জন্য নোয়াখালীর সোনাইমুড়ি যাচ্ছিলেন। জোরারগঞ্জ হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, ওসি সোহেল সরকার জানান, 'পিচ্ছিল সড়কে নিয়ন্ত্রণ হারালে বিমান বাহিনীর একটি ট্রাক রাস্তার পাশে উল্টে যায়। এ সময় তিনজন সামরিক ও দুইজন বেসামরিক কর্মকর্তা আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে মিরসরাই সেবা আধুনিক হাসপাতালে নিয়ে যায়। সেখানে তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সহযোগিতা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশসহ ইউরোপীয় ইউনিয়ন এবং ইন্দো-প্যাসিফিকের দেশগুলোর মধ্যে জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও প্রকৃতি বান্ধব উন্নয়নে সবুজ রূপান্তরের বিষয়ে জোরালো সহযোগিতা চেয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। শুক্রবার বেলজিয়ামের ব্রাসেলসে তৃতীয় ইইউ ইন্দো-প্যাসিফিক মিনিস্টেরিয়াল ফোরামে এক গোলটেবিলে বক্তৃতাকালে এ আহবান জানান তিনি। পররাষ্ট্রমন্ত্রী তার বক্তৃতায় জলবায়ু পরিবর্তন, প্রশমন, পরিবর্তনে অভিযোজন এবং সবুজ রূপান্তরের ক্ষেত্রে বাংলাদেশের প্রচেষ্টা তুলে ধরেন। তিনি বলেন, 'পরিচ্ছন্ন শক্তি আহরণ ও নবায়নযোগ্য উৎস থেকে বিদ্যুৎ উৎপাদনের ওপর প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার বিশেষ জোর দিয়েছে।' পরিবেশ বান্ধব পাট এবং সবুজ হাইড্রোজেন ব্যবহার এগিয়ে নিতে গবেষণা, উদ্ভাবন এবং বিনিয়োগ সহায়তার আহ্বান জানান পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। ইউরোপীয় ইউনিয়নের নির্বাহী ভাইস-প্রেসিডেন্ট মারোস শেফকোভিচ এবং পূর্ব তিমুরের পররাষ্ট্রমন্ত্রী বেন্দিতো ফ্রেইতাসের পরিচালনায় আলোচনায় ভিয়েতনাম ও স্পেনের পররাষ্ট্রমন্ত্রীরা অংশ নেন। ইউরোপীয় ইউনিয়নের ২৭টি দেশ এবং আফ্রিকার পূর্ব ও দক্ষিণ উপকূল থেকে আরব উপদ্বীপ এবং এশিয়া হয়ে প্রশান্ত মহাসাগরের দ্বীপরাজ্য পর্যন্ত বিস্তৃত ইন্দো-প্যাসিফিক অঞ্চলের অর্ধশতাধিক দেশের এই ফোরামে প্রায় শতাধিক প্রতিনিধি যোগ দিচ্ছেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## অন্য দেশের ওপর নির্ভর না থেকে দেশে গবেষণা বাড়াতে হবে : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, 'বিভিন্ন সমস্যা সমাধানে দেশে গবেষণা বাড়াতে হবে, অন্য দেশের গবেষণার ওপর নির্ভর করলে চলবে না। এজন্য বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে গবেষক এবং বিজ্ঞানীদের গবেষণার কাজের জন্য সর্বাত্মক সহায়তা করা হবে।' আজ শনিবার বিকেলে জাতীয় প্রেস ক্লাবে রসায়ন শাস্ত্রে সম্মানজনক আইকেমই গ্লোবাল অ্যাওয়ার্ড ২০২৩ অর্জনের জন্য যুক্তরাজ্যের কার্ডিফ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের জ্যেষ্ঠ গবেষক ড. মোহাম্মদ মাজহারুল ইসলামের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, 'মোহাম্মদ মাজহারুল ইসলামের এ অর্জন বাংলাদেশের বিজ্ঞানীদের জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে অবদানের প্রতি বিশ্ব সম্প্রদায়ের ক্রমবর্ধমান আগ্রহের প্রমাণ।' তিনি বলেন, 'মাজহারুল ইসলামের গবেষণা কাজ রাসায়ন শাস্ত্রের জ্ঞানকে সমৃদ্ধ করার পাশাপাশি আমাদের দেশের উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।' মন্ত্রী এসময় দেশের পরিবেশের মানোন্নয়নে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। ইউনিভার্সিটি অব স্কিল

এনরিচমেন্ট এ্যান্ড টেকনোলজির পেট্রন কাজী খলিকুজ্জামান আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো উপস্থিত ছিলেন, ইউসেট-এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ ফজলুল হক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, বিআইডিএস-এর সাবেক গবেষণা পরিচালক এম আসাদুজ্জামান এবং কলামিস্ট মোনায়েম সরকারসহ আরো অনেকে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## ইজতেমা মাঠে আরো ৩ মুসল্লির মৃত্যু

গাজীপুরের টঙ্গীতে বিশ্ব ইজতেমায় আরো তিন মুসল্লির মৃত্যু হয়েছে। এ নিয়ে এখন পর্যন্ত ইজতেমায় ১০ জনের মৃত্যু হলো।শুক্রবার, ২ ফেব্রুয়ারি দুপুর থেকে আজ শনিবার, ৩ ফেব্রুয়ারি দুপুর ১২টা পর্যন্ত ইজতেমা ময়দানে তিন মুসল্লির মৃত্যু হয়। বার্ধক্যজনিত বিভিন্ন রোগ ও হৃদরোগে আক্রান্ত হয়ে তারা মারা যান। মারা যাওয়া মুসল্লিরা হলেন শেরপুর সদরের জুগনিবাগ গ্রামের মৃত শমশের আলীর ছেলে নওশের আলী, ৬৫, ভোলার সামানদার গ্রামের বেলায়েত হোসেনের ছেলে আব্দুল কাদের, ৫৫ ও নেত্রকোনা সদরের কালিয়াঝুড়ি এলাকার হোসেন আহম্মদের ছেলে স্বাধীন, ৪৫। এর আগে বুধ ও বৃহস্পতিবার মারা যান চারজন। এছাড়া ময়দানে আসার সময় এক পুলিশ সদস্যসহ তিনজনের মৃত্যু হয়। ইজতেমা আয়োজক কমিটির গণমাধ্যম সমন্বয়ক হাবিবুল্লাহ রায়হান এসব তথ্য নিশ্চিত করেছেন। এর আগে বিশ্ব ইজতেমা ময়দানে মারা যাওয়া চার মুসল্লি হলেন নেত্রকোনা থানার কুমারী বাজার গ্রামের আবুল হোসেনের ছেলে আবদুস সাত্তার, ৭০, একই জেলার বুড়িঝুড়ি গ্রামের স্বল্পদুগিয়া গ্রামের আব্দুস সোবহানের ছেলে এখলাস মিয়া, ৬৮, ভোলার ভোল্লা গ্রামের নজির আহমেদের ছেলে শাহ আলম, ৬০ ও জামালপুরের তুলশীপুর এলাকার পাকুল্লা গ্রামের হজরত আলীর ছেলে মতিউর রহমান, ৬০। ময়দানে আসার সময় মারা যাওয়া তিনজন হলেন ব্রাহ্মণবাড়িয়ার সরাইল থানার ধামাউরা গ্রামের ইউনুস মিয়া, ৬০, চাঁপাইনবাবগঞ্জ সদর থানার চৌহদ্দীটোলা গ্রামের জামান মিয়া, ৪০ ও পুলিশ সদস্য হাসান উজ্জামান ৩০। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## ভালো পরিবেশ পেলে চিকিৎসাসেবায় অনেক উন্নত দেশকেও ছাড়িয়ে যাব : স্বাস্থ্যমন্ত্রী

শহরের হাসপাতালগুলোতে রোগীর চাপ কমাতে প্রান্তিক এলাকায় চিকিৎসাসেবায় অধিক গুরুত্ব দিয়ে কাজ করার আগ্রহ প্রকাশ করেছেন স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডা. সামন্ত লাল সেন। আজ শনিবার বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে স্বাধীনতা চিকিৎসক পরিষদ, স্বাচিপ-এর দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে এ ইচ্ছাপোষণ করেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, `প্রান্তিক এলাকায় চিকিৎসাসেবা পৌঁছে দেওয়া গেলে শহরের হাসপাতালগুলোতে অনেক চাপ কমে যাবে। আমি বিষয়টিকে গুরুত্ব দিয়ে কাজ করতে চাই।, এসময় চিকিৎসকদের জন্য তার দরজা সবসময় উন্মুক্ত উল্লেখ করে মন্ত্রী আরো বলেন, `আমি সাধারণ মানুষ, আগে যেমন ছিলাম এখনো তাই আছি।, বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক স্বাস্থ্যমন্ত্রী আ ফ ম রুহুল হক, বিএমআরসির চেয়ারম্যান অধ্যাপক ডা. সৈয়দ মোদাচ্ছের আলী, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ডা. শারফুদ্দিন আহমেদ, প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, বিএসএমএমইউর সাবেক ভিসি অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত ও অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া প্রমুখ। সংবর্ধনা অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেন বলেন, `মন্ত্রিত্ব পাওয়ার পর আমার সবচেয়ে বড় হাদিয়া হলো, চিকিৎসক ভাই-বোনেরা। চিকিৎসকরা সাহায্য করলে সব সমস্যা সমাধান করা সম্ভব।, তিনি আরো বলেন, `বাংলাদেশের চিকিৎসাসেবার মান নিয়ে কোনো প্রশ্ন নেই। বিশ্বের অনেক দেশ থেকে আমরা এগিয়ে আছি। তবে আমাদের একটা ভালো পরিবেশ প্রয়োজন। মেধা-যোগ্যতায় আমাদের কোনো ঘাটতি নেই, ভালো পরিবেশ পেলে চিকিৎসাসেবায় অনেক উন্নত দেশকেও ছাড়িয়ে যাবো আমরা।, মন্ত্রী আরো বলেন, 'আমাদের সবসময় শুনতে হয় যে, রোগীরা চিকিৎসা নিতে বিদেশ চলে যাচ্ছে। এ ক্ষেত্রে আমি বলি, মানুষতো শপিং করতেও বিদেশে যায়। চিকিৎসা সেবায় আমরা যা করি, পৃথিবীর অন্য কোনো দেশে কি ভিন্ন কিছু করে? আমি মনে করি আমাদের চিকিৎসকরা এখন যথেষ্ট দক্ষ। আমরা যে কোনো রোগীকে চিকিৎসা সেবা দিতে সক্ষম।' চিকিৎসকদের উদ্দেশে মন্ত্রী বলেন, 'দায়িত্ব নেওয়ার পর থেকেই যেখানে যাই, চিকিৎসকদের নিয়ে নানা কথা শুনতে হয়। আমি নিজেও একজন চিকিৎসক, আমি আমার পেশা ও পেশাজীবীদের নিয়ে কোনো ধরনের নেতিবাচক কিছু শুনতে চাই না। আমরা মানুষের সেবা করার জন্য এ পেশায় এসেছি।' চিকিৎসকদের সুরক্ষা আইনের বিষয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, `আমি দায়িত্ব পাওয়ার পরপরই চিকিৎসক সুরক্ষার ব্যাপারে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছি। তিনি নিজেও এসব বিষয়ে গুরুত্ব দিয়ে কাজ করার বিষয়ে বলেছেন। সিলেটের ঘটনা নিয়েও বারবার খোঁজ-খবর নিয়েছেন।, অনুষ্ঠানে সাবেক স্বাস্থ্যমন্ত্রী ডা. আ ফ ম রুহুল হক বলেন, `স্বাস্থ্যমন্ত্রী এরই মধ্যে একটি হাসপাতালের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন, এখন সারাদেশের হাজার হাজার হাসপাতালের দায়িত্ব পালন করবেন। তিনি নিজের হাসপাতাল চালাতে গিয়ে সমস্যাগুলো সরাসরি দেখেছেন। সুতরাং মাঠ পর্যায়ের সমস্যাগুলোও তার ভালো জানা। সমস্যা সমাধানে কী করতে হবে সেটাও তিনি ভালো বোঝেন।, চিকিৎসকদের উদ্দেশ্যে অধ্যাপক ডা. সৈয়দ মোদাচ্ছের আলী বলেন, `ডা. সামন্ত লাল সেনের জন্য কারও উপদেশ প্রয়োজন নেই। তিনি নিজে চিকিৎসকদের সবকিছু ভালো জানেন ও বোঝেন। আমাদের কাজ হবে তাকে সর্বাত্মক

সহযোগিতা করা।' সভাপতির বক্তব্যে ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন বলেন, `আমাদের মন্ত্রী মাত্র দায়িত্ব নিয়েছেন, তিনি চিকিৎসক সমাজের জন্য এখনই অনেক কিছু করে ফেলবেন আমরা এমনটা আশা করি না। তবে আমরা বিশ্বাস করি ডা. সামন্ত লাল সেন চিকিৎসকদের জন্য ভালো কিছু করবেন। অভিষ্ট লক্ষ্যে পৌঁছাতে আমরা চিকিৎসক সমাজ তাকে আন্তরিক সহযোগিতা করব। সবার ঐকান্তিক প্রচেষ্টায় আমরা স্বাস্থ্য ব্যবস্থায় যুগান্তকারী পরিবর্তন আনতে পারব।, বিএসএমএমইউ ভিসি অধ্যাপক ডা. শারফুদ্দিন আহমেদ বলেন, `আমরা এরই মধ্যেই স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেনের দৃশ্যমান কিছু কাজ দেখতে পেয়েছি। শরীয়তপুরের ড্যামুডায় একজন চিকিৎসকের ওপর হামলা হওয়ার অল্প সময়ের মধ্যেই অভিযুক্তকে আটক করা হয়েছে। মন্ত্রীর সরাসরি হস্তক্ষেপে এটা সম্ভব হয়েছে।, অনুষ্ঠান সঞ্চালনা করেন স্বাচিপ মহাসচিব ও জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. মোঃ কামরুল হাসান মিলন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## সরকার আমাদের সংসদে নিয়ে গেছে এটা আংশিক সত্য : জি এম কাদের

জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের বলেছেন, 'নির্বাচনের সময় আওয়ামী লীগ একটা বিভ্রান্তিমূলক স্টেটমেন্ট দিয়েছে। আওয়ামী লীগ বলেছে, ২৬টা সিট জাতীয় পার্টির ফেভারে ছেড়েছে। আওয়ামী লীগের এ স্টেটমেন্টের কারণে ভোটে জাতীয় পার্টির চরম ক্ষতি হয়েছে।' তিনি বলেন, 'সরকারের বদান্যতায় সংসদে গেছি বা সরকার সংসদে নিয়ে গেছে এটা আংশিক সত্য। সামগ্রিকভাবে এটা সত্য নয়।' আমরা ফাইট করে এসেছি, উনারা শুধু নৌকা তুলে নিয়েছেন। আজ শনিবার বিকেলে জাপা চেয়ারম্যানের বনানী কার্যালয়ে ঢাকা মহানগর উত্তর আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। জি এম কাদের বলেন, 'আওয়ামী লীগ একটা সিটও আমাদের ফেভারে ছাড়েনি। সব জায়গায় তাদের লোক দিয়েছে, ফাইট করেছে। আমাদের প্রার্থীদের যে কোনোভাবে পরাজিত করা হয়েছে। অনেকেই বলেছেন মহাজোট, অনেকেই বলেছেন সিট ভাগাভাগি হয়েছে। এ বিভ্রান্তি আওয়ামী লীগ ইচ্ছা করে করেছে অথবা ভুলে করেছে। তবে আমাদের চরম ক্ষতি হয়েছে। আমরা ৩০০ আসনে ফাইট দিয়েছি। যদি ৩০০ আসনে ফাইট একেবারে নিশ্চিতভাবে করতে পারতাম তাহলে ফলাফল এর চেয়ে ভালো হতো। বিভ্রান্তির কারণে জাপা প্রার্থীরা নির্বাচনি পোস্টারে সরকারদলের প্রধানের ছবি দিয়েছেন।' দলের সাম্প্রতিক সময়ের সংকট প্রসঙ্গে তিনি বলেন, 'অনেকে বলছেন আমাদের দল ভাগ হয়ে যাবে। এ মুহূর্তে দল ভাগ হওয়ার কোনো সম্ভাবনা দেখছি না। আরেকটা দল গঠন হতে পারে। এরশাদ সাহেবের নাম নিয়ে, আদর্শ নিয়ে আরো ১০টা দল গঠন হতে পারে। সেটার একটা প্রক্রিয়া আছে, যে কোনো লোক করতে পারে। তবে আমাদের যে দলের কাঠামোতে আমরা এগিয়ে যাচ্ছি, সেখান থেকে নতুন করে দল গঠন করার কোনো পরিবেশ বা পরিস্থিতি দেখতে পারছি না। দলের ব্যাপারে মানুষের ধারণা খুব একটা ভালো নয়।' জাপা চেয়ারম্যান বলেন, 'সরকারের বদান্যতায় আমরা সংসদে গেছি বা সরকার আমাদের সংসদে নিয়ে গেছে এটা আংশিক সত্য। সামগ্রিকভাবে এটা সত্য নয়। আমরা ফাইট করে এসেছি, উনারা শুধু নৌকা তুলে নিয়েছেন। আরেকজন বলছেন আমরা পরের দ্বারা নিয়ন্ত্রিত, এটাও আংশিক সত্য। আমরা চেষ্টা করছি এটা থেকে বেরিয়ে আসতে। আমি বলছি না, দল ভাঙবে। তবে দলের মধ্যে সংশোধন হওয়ার দরকার আছে। সংশোধন করতে না পারলে আগামীতে দলের প্রতি মানুষের আস্থা ভালোবাসা থাকবে না।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## সরকার পতনের কর্মসূচি আসবে, সবকিছুর হিসাব নেওয়া হবে : জয়নুল আবদিন ফারুক

বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা জয়নুল আবদিন ফারুক বলেছেন, `সরকার পতনের কর্মসূচি আসবে, সবকিছুর হিসাব নেওয়া হবে। লড়াই করে বাংলাদেশের একদলীয় শাসন বিদায় করে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা ফিরিয়ে আনা হবে।, তিনি বলেন, `সরকার আজ বিএনপিকে অবহেলা করে কথা বলে। অথচ আপনাদের পায়ের তলার মাটি সরে যাচ্ছে। আমরা সৎ আছি, ন্যায়ের পথে আছি। এজন্য বিদেশের মাটিতে আমার নেত্রী খালেদা জিয়ার এক ছটাক জায়গা-জমিও নেই।, আজ শনিবার জাতীয় প্রেস ক্লাবের সামনে `স্বাধীনতা অধিকার আন্দোলন, আয়োজিত মানবনন্ধন কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বৈরাচাররা ক্ষমতায় থাকতে রাষ্ট্রীয় যন্ত্র ব্যবহার করে মন্তব্য করে জয়নুল আবদিন ফারুক বলেন, `মির্জা ফখরুল, আপনাদের কাছে আমরা ক্ষমা চাই। জনগণ আমাদের সঙ্গে থাকলেও কেবল এই রাষ্ট্রযন্ত্রের জন্য কিছু করতে পারছি না।, তিনি বলেন, `এই সরকার যদি গণতন্ত্রে বিশ্বাস করতো তাহলে ২০১৪ সালে ১৫৪ জন প্রতিনিধিকে সংসদ সদস্য হিসেবে নির্বাচন করতো না, দিনের ভোট রাতে করতো না। যে নির্বাচন কমিশন দুই হাজার কোটি টাকা দিয়ে ডামি নির্বাচন উপহার দিয়েছে, সে নির্বাচনের সময় নির্বাচন কমিশনার ঘুমিয়ে ছিলেন। একেক সময় একেক কথা বলেছেন।, বিএনপির এ নেতা বলেন, `একদিকে বলে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের কথা, অন্যদিকে তৈরি করে সিন্ডিকেট। সে সিন্ডিকেটের টাকা দিয়ে কানাডায় বাড়ি বানানো হয়। অথচ বাংলাদেশের মানুষ একটা ডিম কিনে খেতে পারে না, মাংস কিনে খেতে পারে না। এসবের বিরুদ্ধে যখন আমরা কথা বলি, তখন আগুন সন্ত্রাসের উপাধি দেওয়া হয়।, তিনি বলেন, `এত বছরেও সাগর-রুনি হত্যার চার্জশিট তৈরি করতে পারেনি এই সরকার। অথচ তারা আইনের শাসন, স্মার্ট বাংলাদেশের কথা বলেন। মানুষ এখন নির্ভয়ে ঘরে

ঘুমাতে পারে না। যারা আজ মেগা প্রকল্পের নামে কোটি কোটি টাকা লুটপাট করে, তাদের পদত্যাগ করা উচিত। এই সরকার জনগণের ভোটের সরকার নয়।, সরকার গণমাধ্যমের স্বাধীনতা বিশ্বাস করে না মন্তব্য করে জয়নুল আবদিন ফারুক বলেন, `যখন গণমাধ্যম সোচ্চার হয় তখন গণমাধ্যম বন্ধ করে দেয় সরকার। যারা গণতান্ত্রিক নির্বাচন, সুষ্ঠু নির্বাচন বিশ্বাস করে না, তাদেরকে বিশ্বাস করা যায় না। যে সরকার রাজনৈতিক প্রতিহিংসাপরায়ণ সরকার, এ সরকারকে বিশ্বাস করা যায় না। সরকার জানে ব্যাংক লুট করতে, দুর্নীতি করতে।, তিনি বলেন, `এ সরকার জনগণের ভোটের সরকার নয়। সরকার দিন দিন অবহেলিত হচ্ছে, তাদের পায়ের মাটি সরে যাচ্ছে। কষ্ট হচ্ছে বিএনপি নেতা-কর্মীদের।, মানববন্ধনে বিএনপির নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মোঃ রহমতুল্লাহসহ আয়োজক সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

## আরো ২৫ জনের করোনা শনাক্ত, সবাই ঢাকার

দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ২৫ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। সবই ঢাকাতে শনাক্ত হয়েছে। এ সময়ে দেশে করোনায় কারো মৃত্যুর তথ্য জানা যায়নি। তবে মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২৯ হাজার ৪৮২ জনে। আর আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ২৫৮ জনে। আজ শনিবার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৩৪০ টি নমুনা পরীক্ষায় ২৫ জনের করোনা শনাক্ত হয়। তাদের সবাই ঢাকার রোগী। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৭ দশমিক ৩৫ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ১৩ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ৪৭৮ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪০ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০২.২০২৪ প্রতীক)

# BBC

## IRAQ ACCUSES US OF USING ITS TERRITORY AS A BATTLEGROUND

More reaction from the Iraqi government, after the United States said it launched retaliatory strikes on 85 targets in Syria and Iraq. In a statement, Iraqi government spokesperson Bassem al-Awadi says US strikes hit locations in the Iraqi towns of Akashat and al-Qaim, "including areas where our security forces are stationed". The statement accuses the US of turning Iraqi territory into a "battleground for settling scores". The Iraqi government says at least 16 people, including civilians, have been killed and 25 others wounded in the country as a result of the strikes carried out by the US military overnight.

(BBC Web Page: 03/02/24, FARUK)

## US SANCTIONS IRANIANS OVER WATER PLANT CYBER-ATTACKS

The US has imposed sanctions on six officials in Iran's powerful Islamic Revolutionary Guard Corps (IRGC) which it says are responsible for the cyber-attacks on American water plants late last year. This comes as the US prepares its response to the drone attack that killed three US soldiers in Jordan, close to the Syrian border, on Sunday. The US has said an Iranian-backed militia group is responsible for that attack.

(BBC Web Page: 03/02/24, FARUK)

## UN RECEIVING REPORTS OF SUDAN STARVATION DEATHS

The World Food Programme (WFP) says it is receiving reports of people dying of starvation in Sudan, where a war has displaced millions of people since last April. Violence is escalating between the army and a rival paramilitary force as they fight for control of the country. Security threats and roadblocks have made the work of humanitarian agencies nearly impossible. Nearly five million people across Sudan now face emergency levels of hunger. This is twice the number since the start of the conflict, according to the WFP.

(BBC Web Page: 03/02/24, FARUK)

## IRAQ AND SYRIA SAYS 34 PEOPLE KILLED IN NEW US AGGRESSION

The United States has conducted a wave of air strikes on Iran-aligned targets in Iraq and Syria in retaliation for an attack that killed American soldiers in Jordan. On Saturday, Iraq said 16 people, including civilians, were killed on its soil, and a monitoring group reported 18 people were killed in Syria. Washington has warned of more strikes to purportedly deter the Iran-backed axis of resistance amid Israel's war on Gaza. In announcing the overnight attacks, US President Joe Biden said: "Our response began today. It will continue at times and places of our choosing." (BBC Web Page: 03/02/24, FARUK)

**EU FOREIGN POLICY CHIEF URGES ALL PARTIES AVOID FURTHER ESCALATION**

The EU foreign policy chief has called on all parties to avoid further escalation in the Middle East after US strikes on Iran-linked groups in Syria and Iraq. "Everybody should try to avoid that the situation becomes explosive," Josep Borrell said at a meeting of EU foreign ministers in Brussels. Borrell did not address the US strikes directly, but repeated a warning that the Middle East was "a boiler that can explode". Everybody should"try to avoid an escalation", he added. (BBC Web Page: 03/02/24, FARUK)

**BELGIUM CONCERNED ABOUT ISRAELI MOVEMENT TOWARDS EGYPT BORDER**

Belgium's Foreign Minister Hadja Lahbib has expressed concern about Israeli movements towards the Egyptian border, saying that the displacement of civilians in Gaza is against international law. "The humanitarian situation is increasingly worrying in Gaza, the position we are advocating is to demand an immediate ceasefire, respect for humanitarian access, and then, of course, release the hostages and return to the negotiating table to relaunch the political dialogue and achieve a two-state solution," Lahbib said.
(BBC Web Page: 03/02/24, FARUK)

**IMRAN KHAN AND WIFE JAILED FOR ILLEGAL MARRIAGE**

A Pakistani court has jailed Imran Khan and his wife for seven years after voiding their marriage, in the latest sentence against the ex-prime minister. The court ruled that Khan's 2018 marriage with Bushra Bibi, a faith healer, was un-Islamic and illegal. He is already in jail for corruption. Last Wednesday, a week before a general election, the pair were convicted of profiting from state gifts. Khan, 71, has said the numerous cases against him are politically motivated. (BBC Web Page: 03/02/24, FARUK)

**INERT NUCLEAR MISSILE FOUND IN US MAN'S GARAGE**

Police in Washington state say an old rusted rocket found in a local man's garage is an inert nuclear missile. On Wednesday, a military museum in Ohio called police in the city of Bellevue to report an offer of a rather unusual donation. The police then sent a bomb squad to the potential donor's home. In a press release, police say the device is in fact a Douglas AIR-2 Genie (previous designation MB-1), an unguided air-to-air rocket that is designed to carry a 1.5 kt W25 nuclear warhead. (BBC Web Page: 03/02/24, FARUK)

**ITALIAN MINISTER RESIGNS AMID STOLEN PAINTING PROBE**

An Italian junior culture minister has resigned amid accusations of laundering stolen goods, which he denies. Vittorio Sgarbi made the announcement before beginning a lecture in Milan, saying he was quitting to avoid a conflict of interest. Prosecutors are investigating allegations Mr Sgarbi, a renowned art critic, stole and modified a 17th-Century painting. "The Capture of Saint Peter" was reported stolen in 2013. (BBC Web Page: 03/2/24, FARUK)

:: The End ::